আল-ফিরদাউস সংবাদ সমগ্র

আগস্ট, ২০২০ঈসায়ী

আল-ফিরদাউস

সংবাদ সমগ্র

আগস্ট, ২০২০ঈসায়ী

সূচিপত্র

৩১শে আগস্ট, ২০২০ 5
৩০শে আগস্ট, ২০২০ 13
২৯শে আগস্ট, ২০২০ 20
২৮শে আগস্ট, ২০২০ 26
২৭শে আগস্ট, ২০২০ 28
২৬শে আগস্ট, ২০২০ 32
২৫শে আগস্ট, ২০২০ 38
২৪শে আগস্ট, ২০২০ 47
২৩শে আগস্ট, ২০২০ 48
২২শে আগস্ট, ২০২০ 54
২১শে আগস্ট, ২০২০ 72
২০শে আগস্ট, ২০২০ 87
১৯শে আগস্ট, ২০২০ 88
১৮ই আগস্ট, ২০২০ 98
১৭ই আগস্ট, ২০২০ 119
১৬ই আগস্ট, ২০২০ 136
১৫ই আগস্ট, ২০২০ 143
১৪ই আগস্ট, ২০২০ 148
১৩ই আগস্ট, ২০২০ 153
১২ই আগস্ট, ২০২০ 156
১১ই আগস্ট, ২০২০ 164
১০ই আগস্ট, ২০২০ 172
০৯ই আগস্ট, ২০২০ 174
০৮ই আগস্ট, ২০২০ 180
০৭ই আগস্ট, ২০২০ 185
০৬ই আগস্ট, ২০২০ 187
০৫ই আগস্ট, ২০২০ 197

০৪ঠা আগস্ট, ২০২০ 201
০৩রা আগস্ট, ২০২০ 206
০২রা আগস্ট, ২০২০ 213

৩১শে আগস্ট, ২০২০

খোরাসান | তালেবান মুজাহিদদের হামলায় কাবুল সরকারের ৫৮ সৈন্য নিহত, সামরিক ঘাঁটি বিজয়

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবাজ তালেবান মুজাহিদদের বীরত্বপূর্ণ হামলায় মুরতাদ কাবুল সরকারি বাহিনীর ৫৮ এরও অধিক সৈন্য নিহত হয়েছে।

৩১ আগস্ট সোমবার, আফগানিস্তানের বলখ, তাখার ও লোগার প্রদেশে ইমারতে ইসলামিয়ার জানবাজ তালেবান মুজাহিদদের পরিচালিত হামলায় কাবুল বাহিনীর এসকল সৈন্য নিহত হয়েছিলো।

এর মধ্যে বলখ প্রদেশের প্রাণকেন্দ্রে অভিস্থিত মুরতাদ বাহিনীর ২টি সামরিক ঘাঁটিতে সফল আভিযান পরিচালনার মাধ্যমে একটি ঘাঁটির উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেন তালেবান মুজাহিদগণ। এসময় তালেবান মুজাহিদদের সাথে লড়াইরত অবস্থায় কাবুল সরকারের ১০ সৈন্য নিহত এবং ৪ সৈন্য আহত হয়েছে। বাকি সৈন্যরা জীবন বাঁছাতে ঘাঁটি ছেড়ে পলায়ন করে।

এদিকে গত কিছুদিনে মুজাহিদদের হাতে বিজয় হওয়া তাখার প্রদেশের এলাকাগুলো পূণরুদ্ধার করতে ৩১ আগস্ট শেষ রাতে কাবুল সরকারে ভাড়াটে সৈন্যরা হামলা চালানোর চেষ্টা করে। বিশেষ করে মুরতাদ বাহিনী ফারখার জেলার নাহরব নামক হারিয়ে যাওয়া অঞ্চলটি দখলে নেয়ার চেষ্টা করে। কিন্তু তালেবান মুজাহিদদের তীব্র আক্রমণের মূখে তাদের সেই স্বপ্ন আর পুরণ হয়নি। বরং মুজাহিদদের হাতে মাইর খেয়ে এলাকা ছেড়ে পলায়ন করে। এসময় মুজাহিদদের হামলায় ১২ সৈন্য নিহত এবং ১৭ এরও বেশি সৈন্য আহত হয়েছিল। ধ্বংস হয়েছিল মুরতাদ বাহিনীর ৩টি ট্যাঙ্ক।

এমনিভাবে লোগার প্রদেশের বারকি-বারাক জেলায় মুজাহিদদের সাথে দুই দফায় লড়াই হয় মুরতাদ কাবুল বাহিনীর। এসময় মুজাহিদদের হাতে নিহত হয় কাবুল বাহিনীর ১২ মুরতাদ সৈন্য, আহত হয়েছিলো আরো ৫ এরও অধিক। ধ্বংস হয়েছে মুরতাদ বাহিনীর ১টি ট্যাঙ্ক ও ২টি সামরিকযান।

পাকিস্তান | টিটিপির বীরত্বপূর্ণ হামলায় ১৫ এরও অধিক মুরতাদ সৈন্য নিহত ও আহত

দক্ষিণ ওয়াজিরিস্তানে পাকিস্তানী মুরতাদ সেনাবাহিনীর একটি কাফেলায় আক্রমণের ঘটনা ঘটেছে। গত সোমবারের এ হামলায় ১৫ এরও অধিক সৈন্য হতাহতের শিকার হয়েছে।

বিস্তারিত রিপোর্ট অনুযায়ী, দক্ষিণ ওয়াজিরিস্তানের মাকিন সীমান্তের সুর তেজা এলাকায় এই হামলার ঘটনা ঘটে। মূলত মুরতাদ সেনারা মুজাহিদদের উপর আক্রমণের লক্ষ্যে ঐ এলাকার দিকে যাচ্ছিলো। কিন্তু মুরতাদ

বাহিনীর এই হামলার সংবাদ মুজাহিদগণ আগেই পেয়ে যান, যার ফলে মুজাহিদগণ পূর্ব থেকেই মুরতাদ বাহিনীকে মোকাবেলার অপেক্ষায় প্রস্তুত হয়ে থাকেন।

যখনই মুরতাদ সৈন্যরা মুজাহিদদের কাছাকাছি চলে আসে, মুহূর্তেই মুজাহিদগণ মুরতাদ বাহিনীকে টার্গেট করে তীব্র হামলা চালাতে শুরু করেন। যার ফলে মুরতাদ বাহিনীর ৫টি দেহ মাটিতে ছিটকে পড়ে। আর ১০ এরও বেশি সৈন্য হতাহত হয়, ধারণা করা হচ্ছে হতাহতদের মাঝে অধিকাংশ সৈন্যই নিহত হয়েছে।

তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ এক বার্তায় এই হামলার দায় স্বীকার করেছেন।

এনিয়ে চলিত সপ্তাহের শুরুতেই দক্ষিণ ওয়াজিরিস্তান এবং বাজৌর এজেন্সিতে মুজাহিদদের চারটি হামলার শিকার হয়েছে পাকিস্তানী মুরতাদ বাহিনী। যাতে মুরতাদ বাহিনীর অনেক সৈন্য হতাহতের শিকার হয়েছিল।

এটি লক্ষ করা উচিত যে টিটিপির নতুন প্রান্তিককরণ এবং জোটবদ্ধ হওয়ার পরে তাদের আক্রমণগুলিতে একটি নতুন তরঙ্গ দেখা যাচ্ছে , যা নাপাক সেনাবাহিনীর ভীত কাঁপিয়ে দিচ্ছে।

পাকিস্তান | মুজাহিদদের হামলায় ২ অফিসারসহ ১১ মুরতাদ সৈন্য নিহত

পাকিস্তানের দক্ষিণ ওয়াজিরিস্তানে দেশটির মুরতাদ বাহিনীকে টর্গেট করে একটি সফল হামলা চালিয়েছেন তেহরিক-ই-তালেবান পাকিস্তান। এতে মুরতাদ বাহিনীর ২ অফিসারসহ ১১ মুরতাদ সৈন্য নিহত হয়েছে।

বিশদ বিবরণ থেকে জানা গেছে, গত ৩০ আগস্ট রবিবার দুপুর ১২ টায়, পাকিস্তানের দক্ষিণ ওয়াজিরিস্তানের লাদা সীমান্তে ক্রুসেডার আমেরিকার গোলাম পাকিস্তানী মুরতাদ সেনাবাহিনীর একটি টহলরত দলকে টার্গেট করে সফল আক্রমণ চালান টিটিপির জানবাজ মুজাহিদগণ।

এসময় মুজাহিদদের হামলায় নিহত হয় দুই অফিসার (নাদিম এবং ল্যান্স কমান্ডার মাসউদ) সহ ১১ এরও বেশি মুরতাদ সৈন্য। আহত হয়েছে আরো অনেক সৈন্য।

অন্যদিকে, তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ এই হামলার দায় স্বীকারমূলক বার্তায় জানান যে, সাম্প্রতিক দিনগুলিতে নাপাক সেনারা আমাদের দুই সাথীকে শহীদ করেছিল। আর উক্ত শহিদদের রক্তের প্রতিশোধ নিতেই এই হামলা চালিয়েছেন মুজাহিদগণ। যদিও উক্ত শহিদ মুজাহিদদের হামলায় নাপাক বাহিনীরও কমপক্ষে ৪ সৈন্য নিহত ও আহত হয়েছিলো।

পশ্চিম আফ্রিকা | মুজাহিদদের হামলায় ৪ মুরতাদ সৈন্য নিহত, ১টি সামরিকযান ধ্বংস

পশ্চিম আফ্রিকার দেশ মালি ও বুর্কিনা-ফাসো সীমান্তে মালিয়ান মুরতাদ বাহিনীর বিরুদ্ধে একটি সফল অভিযান পরিচালনা করেছেন 'জিএনআইএম' এর জানবাজ মুজাহিদিন।

আফ্রিকা ইনফো এর খবরে বলা হয়েছে, গত ২৭ আগস্ট বৃহস্পতিবার সকাল সাড়ে দশটা নাগাদ মালি ও বুর্কিনা-ফাসো সীমান্তের কুরু এলাকায় একটি সফল অভিযান পরিচালনা করেছেন মুজাহিদিন। মুরতাদ সৈন্যরা যখন ঐ এলাকার সড়ক অতিক্রম করছিলো তখনই মুরতাদ বাহিনীকে টার্গেট করে বোমা হামলার পাশাপাশি গুলি চালান মুজাহিদগণ। মালিয়ান সেনাবাহিনী এক বিবৃতিতে জানিয়েছে যে, উক্ত হামলায় তাদের ৪ সৈন্য নিহত হয়েছিল এবং একটি সামরিকযান ধ্বংস হয়েছে।

এদিকে আল-কায়েদা সংশ্লিষ্ট সংবাদ মাধ্যমগুলো দাবি করছে, এই হামলায় কমপক্ষে মালিয়ান বাহিনীর ১০ সৈন্য হতাহত হয়েছে।

মালি | সামরিক অভ্যুত্থানের মধ্যেই মুজাহিদদের হামলা, ৯৪ এরও অধিক মুরতাদ সৈন্য নিহত ও আহত

আল-কায়েদা পশ্চিম আফ্রিকা শাখা জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিনের জানবাজ মুজাহিদদের পৃথক কয়েকটি হামলায় মালির মুরতাদ সরকারি বাহিনীর ৯৪ এরও অধিক সৈন্য হতাহত হয়েছে।

আল-কায়েদা সংশ্লিষ্ট সংবাদ মাধ্যমগুলো জানিয়েছে, মালিতে সামরিক অভ্যুত্থান ও রাজনৈতিক বিশৃঙ্খলার মধ্যেই দেশটিতে বড়ধরণের হামলা চালাতে শুরু করেছে আল-কায়েদা যোদ্ধারা। দেশটির চলমান রাজনৈতিক বিশৃঙ্খলা ও সামরিক বাহিনীর মধ্যকার দ্বন্দ্বগুলি থেকে পরিপূর্ণ ফায়দা তুলছেন মুজাহিদগণ।

এরই ধারাবাকিতায় গত ২৮,২৯ ও ৩০ আগস্ট পর্যন্ত মালিতে বড় বড় কয়েকটি অভিযানও পরিচালনা করেছেন আল-কায়েদা যোদ্ধারা। এর মধ্যে শুধু মুবটি রাজ্যে বিগত দিনগুলোতে ৪টি সফল অভিযান চালিয়েছেন তাঁরা। যার ফলে দেশটির মুরতাদ বাহিনীর ৬২ এরও অধিক সৈন্য নিহত হয়েছে, আহত হয়েছে আরো ৩২ এরও অধিক।

ইতোমধ্যে দেশটির মুরতাদ সামরিক বাহিনী দুটি হামলার সংবাদ নিশ্চিত করেছে। তাদের ভাষ্যমতে যার একটিতে ৩ সৈন্য নিহত এবং ১৬ সৈন্য আহত হয়েছে। অপর হামলায় ৬ সৈন্য নিহত এবং ১২ সৈন্য আহত হয়েছে।

এসকল সফল অভিযান শেষে মুজাহিদগণ মুরতাদ বাহিনী থেকে বিপুল পরিমাণ যুদ্ধসামগ্রী গনিমত লাভ করেছে, এর মধ্যে উল্লেখ যোগ্য হচ্ছে- ৩টি সামরিকযান, ৬টি গুলাবারুদে পরিপূর্ণ বক্স, ১০টি ক্লাশিনকোভ। অপরদিকে মুজাহিদদের হামলায় ধ্বংস হয়েছে মুরতাদ বাহিনীর ৪টি সামরিক ট্রাক ও ২টি সামরিকযান সহ অগণিত অস্ত্র ও গুলাবারুদ।

আমেরিকায় শিক্ষকদের আগাম অবসর, চাকরি ছাড়ার হিড়িক

নতুন শিক্ষাবর্ষের ক্লাস সেপ্টেম্বরের প্রথমার্ধেই শুরুর পরিকল্পনা ঘোষণায় শিক্ষকরা বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হয়েছেন। ইতোমধ্যেই যেসব বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হয়েছে, তার মধ্যে বেশ কটিতে করোনা সংক্রমণের হার উদ্বেগজনক-ভাবে বৃদ্ধি পাচ্ছে।

এ অবস্থায় প্রাথমিক, মাধ্যমিক এবং হাইস্কুলে ক্লাস শুরু হলে পরিস্থিতি কোথায় গিয়ে দাঁড়াবে সে আশঙ্কায় অনেক শিক্ষক অবসর গ্রহণের আবেদন জানাচ্ছেন। আবার কেউ কেউ চাকরি ছেড়ে দেয়ার দরখাস্তও করেছেন। কিন্ডার গার্টেন থেকে দ্বাদশ গ্রেডের শিক্ষকেরাই চাকরি ছাড়া অথবা অবসর গ্রহণের অধিক আবেদন করছেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

করোনাভাইরাসের সংক্রমণের আতঙ্ক এভাবে পুরো শিক্ষা ব্যবস্থাকে এক ধরনের হতাশায় ফেলেছে বলে শিক্ষা-বিশেষজ্ঞ এবং সমাজবিজ্ঞানীরা উল্লেখ করেছেন। প্রসঙ্গত, ইউনিভার্সিটি অব অ্যালাব্যামায় সম্প্রতি ক্লাস শুরু হয়েছে। সেখানে এখন করোনাভাইরাস পজিটিভ শিক্ষার্থীর সংখ্যা ১ হাজার ২০০ ছাড়িয়ে গেছে। আর স্টাফদের ১৬৬ জনের স্বাস্থ্য পরীক্ষায় ফল পজিটিভ এসেছে।

এই বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট স্টুয়ার্ড বেল এক সংবাদ সম্মেলনে বলেছেন, 'সাম্প্রতিক দিনগুলোতে আমরা করোনাভাইরাস সংক্রমণের যে ঊর্ধ্বগতি দেখছি তা মেনে নেওয়া যায় না। এ পরিস্থিতিতে আমরা ক্যাম্পাসে আমাদের সেমিস্টার শেষ করতে পারব কিনা তা নিয়ে শঙ্কিত। এখন এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সময়।'

অ্যালাব্যামা ছাড়াও অন্য বিশ্ববিদ্যালয়ের মধ্যে ক্যানসাস বিশ্ববিদ্যালয়ে ৪৭৪ জন করোনাভাইরাস শনাক্ত হয়েছে। জর্জিয়া কলেজ এন্ড স্টেট ইউনিভার্সিটিতে শনাক্ত হয়েছে ৫৩৫ জন এবং নর্থ ক্যারোলিনা স্টেট ইউনিভার্সিটিতে নতুন দুটি গুচ্ছ সংক্রমণ ধরা পড়েছে। অর্থাৎ গত মার্চে যে আশংকায় সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করা হয়েছিল, তা এখনও দূর হয়নি বলে স্বাস্থ্য-বিজ্ঞানীরা মন্তব্য করছেন।

এরপরেও অর্থনৈতিক কর্মকাণ্ড চাঙ্গা করতে যেভাবে লকডাউন শিথিলের ঘটনা ঘটেছে, একইভাবে লকডাউনে থাকতে থাকতে তরুণ প্রজন্মে সৃষ্ট হতাশা-দুশ্চিন্তা দূর করতে কর্তৃপক্ষ স্কুল/কলেজ/ভার্সিটি খোলা-কে গুরুত্ব দিচ্ছে। যদিও ইতিমধ্যেই নিউইয়র্কসহ বিভিন্ন স্থানের শিক্ষকরা ক্লাস শুরুর আগে শিক্ষা প্রতিষ্ঠানকে নিরাপদ তথা করোনা মুক্ত হিসেবে নিশ্চয়তা বিধানের দাবি জানিয়েছেন।

অন্যথায় তারা ক্লাসে যাবেন না বলেও হুমকি দিয়েছেন। অনেক সিটির শিক্ষক সমিতি ধর্মঘটের হুমকিও দিয়েছেন। তারা করোনাভাইরাসের সংক্রমণ একেবারেই কমেছে এবং ওষুধ আবিষ্কৃত হয়েছে-এমন সময়ে ক্লাস শুরুর পরামর্শ দিয়েছেন। কিছু কিছু স্টেট প্রশাসন সে অনুরোধে সাড়া দিলেও অধিকাংশেই এখন পর্যন্ত করোনা বিস্তার রোধে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হয়নি।

ফ্লোরিডা স্টেটের শিক্ষকেরা উল্লেখ করেছেন, ঘরে বসে দিনভর অনলাইনে ক্লাস পরিচালনায় তারা হাঁপিয়ে উঠেছেন। আরিজোনা হাই স্কুলের শিক্ষকরা বলেছেন যে, কর্তৃপক্ষ চাপ দিচ্ছেন স্কুল খোলার জন্যে। এটি কোনভাবেই নিরাপদ নয় ছাত্র-শিক্ষকের জন্যে। এ অবস্থায় চাকরি ছেড়ে দেয়ার বিকল্প নেই। সবচেয়ে বেশী

উদ্বেগ বিরাজ করছে নিউইয়র্কের শিক্ষকদের মধ্যে। ১০ সেপ্টেম্বর স্কুল খোলার তারিখ ধার্য করা হয়েছে সকল অনুরোধ-উপরোধ উপেক্ষা করে।

এর ফলে আগাম অবসরে যাবার ঘটনা গত বছরের একই সময়ের চেয়ে ২০% বেড়েছে। জুলাই থেকে মধ্য অগাস্ট পর্যন্ত ৬৫০ জন শিক্ষক অবসরে যাবার আবেদন জানিয়েছেন বলে শিক্ষা বিভাগের সূত্র জানায়। ফ্লোরিডার একটি স্কুল ডিস্ট্রিক্টের ৫৮ জন অবসরে এবং ২৫২ জন চাকরি ছেড়ে দেয়ার দরখাস্ত দিয়েছেন। .

এদিকে জন্স হপকিন্স বিশ্ববিদ্যালয় এবং স্বাস্থ্য বিভাগের তথ্যানুযায়ী, যুক্তরাষ্ট্রে করোনাভাইরাস আক্রান্ত হিসাবে ৩০ অগাস্ট পর্যন্ত শনাক্ত হয়েছে ৬০ লাখের বেশি মানুষ। আর মৃত্যু হয়েছে ১ লাখ ৮৩ হাজার জনের। বিডি প্রতিদিন

নির্মাণ কাজ শেষ না হতেই বিধ্বস্ত দেয়াল

বরিশালের আগৈলঝাড়া উপজেলার বাগধা ইউনিয়নের জোবারপাড় (রামদেবেরপাড়) গ্রামের অসহায় অনন্ত বাড়ৈ গৃহহীন থাকায় একটি প্রকল্প থেকে এক লাখ বিশ হাজার টাকা ব্যয়ে তাকে একটি ঘর তৈরির জন্য সরকারিভাবে বরাদ্দ হয়। কাজের ঠিকাদার উপজেলার গৈলা ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও গৈলা ইউপি সদস্য তরিকুল ইসলাম চাঁন। নিম্নমানের নির্মাণ সামগ্রী দিয়ে বসত ঘর নির্মাণ কাজের শুরুতেই দেয়াল ধসে পড়েছে। প্রকল্পটি বাস্তবায়ন করছেন উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।

আগৈলঝাড়া উপজেলার বাগধা ইউনিয়নের জোবারপাড় (রামদেবেরপাড়) গ্রামের অসহায় অনন্ত বাড়ৈ জানান, আগৈলঝাড়া উপজেলায় প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা চৌধুরী রওশন ইসলাম অসহায়দের ঘর নির্মাণের দায়িত্ব প্রদান করেন একই উপজেলার গৈলা ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও গৈলা ইউপি সদস্য ঠিকাদার তরিকুল ইসলাম চাঁনকে। ঠিকাদার চাঁন কাজের ধারাবাহিকতায় মঙ্গলবার থেকে তার ঘর নির্মাণের কাজ শুরু করেন। ঠিকাদার নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার করায় নির্মাণাধীন ঘরের পশ্চিম ও দক্ষিণ পাশের দেয়াল বৃহস্পতি ও শুক্রবার বিধস্ত হয়েছে।

স্থানীয় ইউনিয়ন পরিষদ সদস্য প্রদীপ রায় বলেন, কাজের গুণগত মান নিয়ে কথা বলায় ঠিকাদার তরিকুল ইসলাম চাঁন আমাকে গালমন্দ করেছেন।

এ ব্যাপারে প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোশাররফ হোসাইন বলেন, আমি সরেজমিন দেখে এসেছি। অদক্ষ নির্মাণ মিস্ত্রির জন্য এই ঘটনাটি ঘটেছে। বিষয়টি নিয়ে আমি উপজেলা নির্বাহী অফিসারসহ কমিটির সাথে আলোচনা করব। তার পরে কমিটির সিদ্ধান্ত মোতাবেক ঠিকাদার পুনরায় কাজ করে দেবেন।

প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার চৌধুরী রওশন ইসলাম সাংবাদিকদের বলেন, ঘর নির্মাণ বাস্তবায়ন কমিটির সদস্য সচিব উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সরেজমিন বিষয়টি দেখে রিপোর্ট দেওয়ার পরে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। সেই পর্যন্ত ঠিকাদারের কাজ বন্ধ থাকবে। কালের কণ্ঠ

নাটোরে ব্যবসায়ীকে কোপাল সন্ত্রাসীরা

নাটোর শহরের কানাইখালী কেন্দ্রীয় মসজিদ মার্কেটের ভেতরে আব্দুস সালাম নামে একজন ব্যবসায়িকে কুপিয়ে গুরুতর আহত করা হয়েছে। রাত সাড়ে ৯টার দিকে মসজিদ মার্কেটের বেশিরভাগ ব্যবসায়িরা চলে গেলে বর্ষা মোবাইল সেন্টারে বসে কথা বলার সময় মাস্কপড়া মুখোশধারীরা এ হামলা চালায়।

গুরুতর আহত সালামকে প্রথমে নাটোর ও পরে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। তবে কি কারণে এ হামলার ঘটনা ঘটেছে তা জানাতে পারেনি কেউ। আহত আব্দুস সালাম শহরের বড়গাছা এলাকার মুদি ব্যবসায়ী এবং আলাইপুর রিলাক্স ল্যাবরেটরির কর্মচারী।

প্রত্যক্ষদর্শীরা জানায়, আব্দুস সালাম রাত সাড়ে ৯টার দিকে বর্ষা মোবাইল সেন্টারে বসে কথা বলার সময় মাস্কপড়া মুখোশ ঢাকা দুজন দুর্বৃত্ত সেখানে যায়। তর্ক বিতর্কের এক পর্যায়ে তারা আব্দুস সালামকে ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে গুরুতর আহত করে। পরে রক্তাক্ত অবস্থায় আব্দুস সালাম মসজিদ মার্কেটের বাইরে বেরিয়ে এলে স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে নাটোর সদর হাসপাতালে নিয়ে যায়। সেখানে অবস্থার অবনতি হলে তাকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। কালের কণ্ঠ

বেহাল দশা বেতাগী-পটুয়াখালী সড়কের

বরগুনা জেলার বেতাগী-পটুয়াখালী সড়কটি সঠিকভাবে নির্মাণ না করায় নিয়মিত পণ্যবাহী ট্রাক ও যাত্রীবাহী ঢাকাগামী পরিবহন চলাচলে বড় বড় গর্ত সৃষ্টি হয়েছে। এতে সবধরনের যানবাহনসহ ও জনসাধারণ চরম দুর্ভোগে পড়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সড়ক ও জনপদ বিভাগ ২০১৭ সালের জুন মাসে বেতাগী বাসস্ট্যান্ড থেকে পায়রাকুঞ্জ ফেরিঘাট পর্যন্ত ১৪ কিলোমিটার পুনঃসংস্কারের জন্য দরপত্র আহ্বান করেন। এতে ৯ কোটি ৭২ লাখ ৭৬ হাজার টাকার অর্থ বরাদ্দ দেওয়া হয়। বরিশালের ঠিকাদারি প্রতিষ্ঠান খান ইন্ডাস্ট্রিয়াল ২০১৮ সালের ডিসেম্বরে কাজ শেষ করে।

গত ক'দিন একটানা বর্ষণে সড়কে পানি জমে ছোট-বড় ৫ শতাধিক গর্তের সৃষ্টি হয়েছে। গর্তে পানি জমে চরম দুর্ভোগে পড়েছে চলাচলকারীরা। গাড়িচালকসহ যাতায়াতকারী সবার বিড়ম্বনায় পড়তে হচ্ছে।

সড়ক ও জনপদ বিভাগের প্রকৌশলীর তদারকবিহীন, নিম্নমানের পাথর-খোয়া ও কাদা মিশ্রিত বালির সঙ্গে লোকাল বালির সংমিশ্রণ ও সামান্য বিটুমিন মিশ্রণে সড়কের কাজ করা হয়। খান ইন্ডাস্ট্রিয়ালের ব্যবস্থাপনা পরিচালক মো. মাহফুজ খান বলেন, পটুয়াখালী-বেতাগী সড়কের ৬০ ভাগ কাজ মির্জাগঞ্জ উপজেলা চেয়ারম্যান আবু বকর সিদ্দিক এবং বেতাগী বাসস্ট্যান্ড থেকে বেইলি ব্রিজ পর্যন্ত ও বাজারসংলগ্ন এলাকার বাকি ৪০ ভাগ কাজ বেতাগী পৌরসভার মেয়র এ বি এম গোলাম কবির সাব-ঠিকাদার হিসেবে কাজ করেন। কালের কণ্ঠ

রাজধানীতে ছিনতাইকারীদের উৎপাত বেড়েছে

রাজধানীতে আবারো ছিনতাইকারীদের উৎপাত বেড়ে গেছে। চলতি মাসে ১০ থেকে ১২টি ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। এ সব ঘটনায় অনেকজন হতাহত হয়েছেন।

গতকাল রোববার বিকেলে রাজধানীর ওয়ারী বড়গ্রাম এলাকায় ছিনতাইকারীদের ছুরিকাঘাতে মুন্না (১৭) নামে এক তরুণ নিহত হয়েছে। এ ঘটনায় তার মামাতো ভাই শাহীন আলম (১৭) গুরুতর আহত হয় ।

আহতদের স্বজন শাওন আহমেদ জানান, দুপুরে মুন্না ও শাহীন মিলে মোটরসাইকেল করে ঘুরতে বের হন। বিকেলে বনগ্রাম এলাকায় গেলে সেখানে কয়েকজন ছিনতাইকারী তাদেরকে ছুরিকাঘাত করে মোটরসাইকেল ছিনিয়ে নিয়ে তারা পালিয়ে যায়। পরে আহতাবস্থায় পথচারীরা তাদেরকে উদ্ধার করে ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যায়। পরে খবর পেয়ে ন্যাশনাল হাসপাতাল থেকে তাদেরকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মুন্নাকে মৃত ঘোষণা করেন।

নিহত মুন্নার বাবা মনিরুল ইসলাম জানান, মুন্না বাসের হেলপার হিসেবে কাজ করতো এবং শাহীন ওয়ার্কশপে কাজ করে। বিকেলে ওরা দু’জন মোটরসাইকেল নিয়ে বের হয়। এরপর লোক মারফত শুনতে পাই ছিনতাইকারীরা মুন্না ও শাহীনকে ছুরি মেরেছে।

এদিকে রোববার দুপুরে দিকে লালবাগ কেল্লার মোড়ে বাপ্পী, সাগর ও আবেদ এই তিন বন্ধুকে ৫/৬ জন ছিনতাইকারী ছুরিকাঘাত করে তাদের কাছ থেকে নগদ টাকা ও মোবাইল ফোন ছিনিয়ে নিয়ে যায়। পরে তাদেরকে আহতাবস্থায় উদ্ধার করে ঢামেক হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ঢামেক হাসপাতালের পুলিশ ক্যাম্পের ইনচার্জ পরিদর্শক মো. বাচ্চু মিয়া জানান, রাজধানীতে ছিনতাইকারীদের উৎপাত বেড়ে গেছে। চলতি মাসে প্রায় ১০ থেকে ১২টি ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। ছিনতাইকারীদের ছুরিকাঘাতে ও মারধরে রাজধানীর বিভিন্ন এলাকা থেকে অনেক হতাহত হয়ে ঢামেক হাসপাতালে এসেছেন। নয়া দিগন্ত

কাশ্মীরে শত শত মানুষের ওপর ভারতীয় মালাউন বাহিনীর ছররা গুলি, ৪০ আহত

কাশ্মীরে শত শত মানুষের ওপর ভারতীয় বাহিনীর ছররা গুলিতে ৪০ জন আহত হয়েছে।

এসব মানুষের ওপর কাশ্মীরে ভারতের দখলদার মোদী বাহিনী হিসেবে পরিচিত পুলিশ পেলেট গান, টিয়ারগ্যাস ছুড়েছে বলে জানা গেছে।

কাশ্মীরী মিডিয়া সূত্রের বরাতে এক্সপ্রেস ট্রিবিউন উর্দূ জানায়, ভূ-স্বর্গ খ্যাত উপত্যকাটির প্রধান শহর শ্রীনগরের উপকণ্ঠের বেমিনা এলাকায় এ ঘটনা ঘটে।

শত শত মানুষকে ভারতীয় পুলিশ পেলেট গান, টিয়ারগ্যাস ছুড়ে ছত্রভঙ্গ করে দিয়েছে। এতে কয়েক ডজন মানুষ আহত হয়েছেন।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া কয়েকটি ভিডিওতে দেখা যায়, পুলিশ সাঁজোয়া যান নিয়ে মানুষকে ছত্রভঙ্গ করতে টিয়ারগ্যাস ও ছররা গুলি ছুড়ে।

সে সময় বিক্ষোভকারীদের অনেকেই কাশ্মীরে ভারতীয় শাসনের অবসানের দাবিতে স্লোগানও দেন।

শ্রীনগরের হাসপাতাল কর্মীদের বরাতে মার্কিন বার্তা সংস্থা এপি জানিয়েছে, আহত অন্তত ৩০ জন সেখানে চিকিৎসা নিয়েছেন।

এছাড়া অন্তত ৪০ জন আহত হয়েছেন বলে প্রত্যক্ষদর্শীরা বলছেন।

পানি নিয়ে গ্রিসের সাথে বাকযুদ্ধে তুরস্ক

গ্রিস আইওনিয়ান সাগরের পানি সীমা বাড়ানোর যে পরিকল্পনা করছে তাতে যুদ্ধ শুরু হতে পারে বলে মন্তব্য করেছেন তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী মেভলুত চাভুসওগ্লু। গতকাল শনিবার তিনি বলেন, ওই সাগরে গ্রিসের পানিসীমা ৬ নটিক্যাল মাইল থেকে বাড়িয়ে ১২ নটিক্যাল মাইল করা হলে তা দুই দেশের মধ্যে যুদ্ধ ডেকে আনতে পারে।

তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী গ্রিসকে সতর্ক করে বলেন, গ্রিস পানিসীমা বাড়িয়ে ১২ মাইল করতে পারে না।

ভূমধ্যসাগরে তেল-গ্যাস অনুসন্ধান নিয়ে সম্প্রতি গ্রিস ও তুরস্কের সঙ্গে উত্তেজনা বেড়েছে। এর মধ্যেই অ্যাথেন্সের এমন পদক্ষেপ নতুন করে উত্তেজনা বাড়িয়েছে।

গ্রিসের একটি পত্রিকায় সেদেশের প্রধানমন্ত্রী ক্রিয়াকোস মিতসোটাকিসের উদ্ধৃতি দিয়ে বলা হয়, গ্রিস সরকার আইওনিয়ান সাগরে ইতালির মুখোমুখি আঞ্চলিক জলসীমা দ্বিগুণ করার একটি বিল জমা দেওয়ার পরিকল্পনা করছে। ভবিষ্যতে অন্যান্য সামুদ্রিক এলাকায় গ্রিস তার আঞ্চলিক জলসীমা বাড়াবে।

পূর্ব ভূমধ্যসাগরে গ্রিসকে সরাসরি সমর্থন দিচ্ছে ফ্রান্স। এ প্রসঙ্গে তুর্কি পররাষ্ট্রমন্ত্রী বলেন, ফ্রান্স ইউরোপীয় নেতৃত্ব নিয়ে খেলছে। ইউরোপীয় ইউনিয়নের বিরুদ্ধে ফ্রান্স বাহিনী তৈরি করতে চায়। আমাদের সময়

ঢাকায় দুই ভাইকে কুপিয়ে মোটরসাইকেল ছিনতাই

রাজধানীর ওয়ারীতে দুই ভাইকে কুপিয়ে মোটরসাইকেল ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। এ ঘটনায় মুন্না (১৭) নামে একজন নিহত হয়েছেন। তার চাচাতো ভাই শাহিন (১৮) আহত অবস্থায় চিকিৎসাধীন রয়েছেন।

আজ রোববার আসরের নামাজের পরে ওয়ারী থানাধীন, মেথর পট্টির পাশে এ ঘটনা ঘটে। পরে গুরুতর আহত অবস্থায় দুজনকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নিয়ে গেলে সেখানে মুন্না চিকিৎসাধীন অবস্থায় মারা যান। তার চাচাতো ভাই শাহিন আশঙ্কাজনক অবস্থায় ঢামেক হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

বিষয়টি নিশ্চিত করেছেন ঢামেক পুলিশ ফাঁড়ি ইনচার্জ পরিদর্শক মো. বাচ্চু মিয়া। তিনি বলেন, ‘নিহত মুন্নার মরদেহ ময়নাতদন্তের জন্য ঢামেক মর্গে রাখা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট থানাকে অবিহিত করা হয়েছে।’

নিহতের স্বজনদের বরাত দিয়ে পরিদর্শক মো. বাচ্চু মিয়া বলেন, ‘তারা দুজন মোটরসাইকেল দিয়ে যাওয়ার পথে তাদের পথরোধ করে তাদেরকে আহত করে মোটরসাইকেলটি নিয়ে যায়।’

জানা যায়, নিহত মুন্না পুরানো ঢাকার লালচান মহন রোডের বাসিন্দা মনিরুল ইসলামের ছেলে। তার গ্রামের বাড়ি চাঁদপুরে। আমাদের সময়

৩০শে আগস্ট, ২০২০

নরসিংদীতে বাড়ি থেকে ডেকে নিয়ে যুবককে গুলি করে হত্যা

বিরোধের জের ধরে নরসিংদীতে বাড়ি থেকে ডেকে নিয়ে আমির হোসেন (৩৫) নামে এক যুবককে গুলি করে হত্যা করা হয়েছে। রোববার সকাল সাড়ে ৯টার দিকে পৌর শহরের ব্রাহ্মন্দী খালপাড় এলকায় এ ঘটনা ঘটে। নিহত আমির হোসেন (৩৫) শহরতলীর চিনিশপুর ইউনিয়নের ঘোড়াদিয়া সংগীতা এলাকার ফাইজউদ্দিনের ছেলে।

নিহতের পরিবারের বরাত দিয়ে নরসিংদী সদর মডেল থানার ওসি বিপ্লব কুমার দত্ত চৌধুরী জানান, পাওনা টাকা নিয়ে আমির হোসেনের সঙ্গে শাহীন নামে একজনের বিরোধ চলে আসছিল। এরই জের ধরে রোববার

ভোরে শাহিন আমির হোসেনকে ফোন করে বাড়ি থেকে ডেকে নিয়ে যান। পরে শহরের খালপাড় কলেজ রোডে এলাকায় তাদের মধ্যে কথাকাটাকাটির এক পর্যায়ে আমির হোসেনকে গুলি করে পালিয়ে যান শাহিন। তবে আসামিকে এখনো গ্রেফতার করেনি পুলিশ। যুগান্তর

মুসলিম ব্রাদারহুডের শীর্ষ নেতা মাহমুদ এজ্জাত গ্রেফতার

মিসরে মুসলিম ব্রাদারহুডের ভারপ্রাপ্ত চেয়ারমান হিসেবে মাহমুদ এজ্জাত দায়িত্ব পালন করছিলেন। ২০১৩ সালে মুসলিম ব্রাদারহুডের আরেক শীর্ষ নেতা মোহাম্মদ বদিকে গ্রেফতারের পর মাহমুদ মিসরের স্বরাষ্ট্রমন্ত্রণালয় ৭৬ বছরের মাহমুদ এজ্জাতকে কায়রোর উত্তরে নিউ কায়রোর একটি এ্যাপার্টমেন্ট থেকে গ্রেফতারের কথা জানায়। ওই এ্যাপার্টমেন্ট থেকে বেশকিছু কম্পিউটার, মোবাইল ফোন ও দলটির বিভিন্ন নেতাদের সঙ্গে যোগাযোগের বিস্তারিত তথ্য উদ্ধার করা হয়।

২০১৩ সালে মুসলিম ব্রাডারহুডের একাধিক শীর্ষনেতা যাদের মৃত্যুদণ্ড দেয়া হয়েছে তাদের অন্যতম হচ্ছেন মাহমুদ। মুসলিম ব্রাদারহুডের পক্ষ থেকে মাহমুদকে গ্রেফতারের তীব্র নিন্দা জানিয়ে এক বিবৃতিতে বলা হয়েছে দীর্ঘদিন ধরে মাহমুদ এজ্জাত জটিল রোগে ভুগছেন এবং তার ওপর নির্যাতন বিচারবহির্ভুত হত্যাকাণ্ডের শামিল। মিসরের নির্বাচিত প্রেসিডেন্ট মোহাম্মদ মুরসি, সাবেক এমটি এসাম এল-এরিয়ানসহ একাধিক মুসলিম ব্রাদারহুড নেতা কারাগারে চিকিৎসার অভাবে মারা গেছে। ২০১৩ সালে সামরিক অভ্যুত্থানের মাধ্যমে মিসরের বর্তমান প্রেসিডেন্ট আবদেল ফাত্তা সিসি ক্ষমতায় আসেন এবং মুসলিম ব্রাদারহুড নেতাকর্মীদের ওপর নিষ্পেষণ শুরু করেন। ২০১৪ সালে সিসি প্রেসিডেন্ট হবার পর এপর্যন্ত মুসলিম ব্রাদারহুডের ৬০ হাজার নেতা-কর্মীকে কারাগারে আটক করা হয়েছে। ডেইলি সংগ্রাম

নিজের স্ত্রীকে হত্যা এক পুলিশ সদস্যের

সিরাজগঞ্জের উল্লাপাড়ায় পুলিশ সদস্যের বিরুদ্ধে স্ত্রী হত্যার অভিযোগ উঠেছে। উপজেলার চরকালীগঞ্জ গ্রামে এ ঘটনা ঘটে। এতে দুজনকে আসামি করে থানায় একটি হত্যা মামলা দায়ের করা হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার পঞ্চক্রোশী ইউনিয়নের চরকালীগঞ্জ গ্রামের সাহেব আলীর ছেলে পুলিশ সদস্য মনিরুল ইসলাম (২৬)। তাঁর সঙ্গে একই ইউনিয়নের রামকান্তপুর গ্রামের শফিকুল ইসলামের মেয়ে সুরভী আক্তারের দুই বছর আগে বিয়ে হয়। হঠাৎ করে বৃহস্পতিবার থেকে সুরভী নিখোঁজ হয়। এরপর শুক্রবার সকালে বাড়ির পাশেই পুকুরে তাঁর লাশ ভেসে উঠলে স্থানীয়রা পুলিশকে খবর দেয়। পুলিশ এসে সুরভীর লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সিরাজগঞ্জ ২৫০ শয্যার বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিব জেনারেল হাসপাতালে পাঠায়।

এদিকে শ্বশুরবাড়ির লোকজনের হাতে সুরভী খুন হয়েছে এমন অভিযোগ তুলে স্থানীয়রা ক্ষিপ্ত হয়ে পুলিশ সদস্য মনিরুলের বাড়িঘর ভাঙচুরের চেষ্টা করে। খবর পেয়ে পুলিশ পরিস্থিতি শান্ত করে।

সুরভীর স্বজন ও পরিবারের অভিযোগ, এটি পরিকল্পিত হত্যাকাণ্ড। সুরভীর বাবা শফিকুল ইসলাম অভিযোগ করে জানান, পুলিশ সদস্য মনিরুলের পরিবার বিবাহের সময় ১০ লাখ টাকা যৌতুক নিয়েছিলো। কিছুদিন আগে তিনি জানতে পারেন, মনিরুল অন্য কোনো মেয়ের সঙ্গে পরকীয়ায় জড়িয়ে পড়েছে। বিষয়টি সুরভী জানতে পারলে বৃহস্পতিবার তাদের মাঝে বাগবিতণ্ডা হয়। এর পর থেকেই সুরভীকে রহস্যজনকভাবে কোথাও খুঁজে পাওয়া যায়নি।

তিনি দাবি করেন, মনিরুল ও তার মা মিলে সুরভীকে শ্বাসরোধে হত্যা করে পানিতে ফেলে দিয়েছে।

কালের কণ্ঠ

সড়কের পাশে অজ্ঞাত নারীর মরদেহ

রংপুরের বদরগঞ্জে অজ্ঞাতনামা এক নারীর লাশ সড়কের পাশে ধানক্ষেত থেকে উদ্ধার করা হয়েছে। তাঁর বয়স আনুমানিক ৪৫ বছর। আজ রবিবার (৩০ আগস্ট) সকাল সাড়ে ৮টার দিকে বদরগঞ্জ-পার্বতীপুর সড়কের রামকৃষ্ণপুর ফাটকেরডাঙ্গা এলাকা থেকে পুলিশ ওই নারীর লাশ উদ্ধার করে থানায় নেয়। মরদেহটির মাথা ও শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন পাওয়া গেছে।

এলাকাবাসী সূত্রে জানা যায়, আজ সকালের দিকে স্থানীয় পথচারীরা সড়কের পাশে ধানক্ষেতে এক নারীর লাশ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয়। পুলিশ ক্ষেত থেকে ওই নারীর লাশ উদ্ধার করে। পরনে প্রিন্টের শাড়ি, লাল রঙের ব্লাউজ। নাক থেকে রক্ত ঝরার দাগ ছিল। মাথায় আঘাতের চিহ্ন পাওয়া গেছে।

অনেকের ধারণা, দুর্বৃত্তরা দূরে কোথাও হত্যার পর রাতের কোনো একসময় লাশটি এখানে ফেলে গেছে।

রামনাথপুর ইউনিয়ন পরিষদের সদস্য (মেম্বার) মোকসেদ আলী বলেন, লাশটি শনাক্ত করতে আশপাশের লোকজনকে খবর দেওয়া হয়- কেউ তাকে চিনতে পারেনি। ধারণা করা হচ্ছে, ওই নারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (আদীবাসী) পরিবারের সদস্য। তার কাপড়-চোপড়ে বোঝা যায়, সে দরিদ্র পরিবারের।

পরিদর্শক (তদন্ত) আরিফ আলী বলেন, সুরতহাল করে ময়নাতদন্তের জন্য লাশটি রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হবে। বদরগঞ্জ থানার ওসি হাবিবুর রহমান হাওলাদার বলেন, অজ্ঞাত ওই নারীর শরীরে ছোট ছোট কচুরিপানা লেগে ছিল। এতে ধারণা করা যায় দুস্কৃতকারীরা হত্যার পর প্রথমে অন্য কোনো ডোবা বা পুকুরে লাশটি ফেলে দেয়। সেখানে লাশটি ভেসে উঠলে রাতের কোনো একসময় পার্বতীপুর-বদরগঞ্জ সড়কের পাশে ফেলে যায়। কালের কণ্ঠ

রাস্তা দেখতে যেন মরা খাল

শেরপুরে শাহবন্দেগী ইউনিয়নের শেরুয়া বটতলা-ভবানীপুর ও শেরুয়া-ধুনটমোড় বাইপাস রাস্তাটির বেহাল অবস্থা। আর এই রাস্তাটি দিয়ে উপজেলার শাহবন্দেগী, মির্জাপুর, ভবানীপুর, বিশালপুর ইউনিয়নের প্রায় লক্ষাধিক মানুষের শহরের সাথে সংযোগ এবং চলাচলের রাস্তা। কিন্তু এখন এই রাস্তার এতই বেহাল অবস্থা যে, দূর থেকে তাকালে মনে হবে রাস্তা নয়, যেন একটি মরা খাল, অবস্থা এমন যে কোথাও মনে হয় ধান রোপনের জন্য চাষ করা জমি। দীর্ঘদিন ধরে এলাকাবাসী রাস্তাটি মেরামতের দাবি জানালেও তা পূরণ হয়নি বরং পথচারীদের পোহাতে হচ্ছে চরম দুর্ভোগ।

সরেজমিনে গিয়ে দেখা যায়, শেরপুর উপজেলার ১০নং শাহবন্দেগী ইউনিয়নের ৪নং ওয়ার্ডের শেরুয়া বটতলা বাজার থেকে শুরু করে এক কিলোমিটার পাকা রাস্তা ও শেরুয়া বটতলা থেকে ফরেস্ট রোড পৌর মেয়রের বাড়ি হয়ে ধুনটমোড় তালতলা পৌঁছানোর রাস্তাটির অবস্থা নাজুক। এই রাস্তা দিয়ে উপজেলার ৪টি ইউনিয়নের লক্ষাধিক মানুষের যাতায়াত। গত দুই বছরেও সংস্কার বা মেরামত না হওয়ায় বড় বড় খানাখন্দ ও গর্তে পরিনত হয়েছে রাস্তাটি। সামান্য বৃষ্টিতেই কাঁদামাটিতে একাকার রাস্তাটি। পানি নিষ্কাশনের কোন সুব্যাবস্থা না থাকায় অল্প বৃষ্টিতেই দীর্ঘদিন যাবৎ নানা ভোগান্তিতে পড়তে হচ্ছে মৎস্য খামার, বাছাই মিল, চাতাল ব্যবসায়ী, শিক্ষার্থী ও এলাকার বাসিন্দাদের।

ব্যস্ততম এ রাস্তাটি দিয়ে প্রতিদিন কৃষক তার পণ্য নিয়ে হাট বাজারে আসে। এই রাস্তাটিতে প্রায় ৫০ থেকে ৬০টি ছোট বড় ব্যবসায় প্রতিষ্ঠান রয়েছে। কেউ অসুস্থ হলে এই রাস্তা দিয়েই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যেতে হয়। এছাড়াও বিভিন্ন শ্রেণি-পেশার লাখ লাখ মানুষকে প্রতিদিন এই রাস্তা দিয়ে চলাচল করতে হয়। এই রাস্তা দিয়েই এসব মানুষের চলাচলের একমাত্র মাধ্যম।

কিন্তু মেরামতের অভাবে রাস্তাটি এখন চলাচল অযোগ্য। ফলে বাজারে মালামাল বহনে ও গাড়ি চলাচলে প্রতিনিয়তই ঘটছে দুর্ঘটনা। যানবাহন দূরের কথা, পায়ে হেঁটেও এখন এ রাস্তা দিয়ে চলাচল করা কষ্টকর। ফলে ব্যবসায়ীরা তাদের মালামাল নিয়ে এই রাস্তা দিয়ে যেতে পারছে না। কৃষক মাঠে উৎপাদিত তাদের পণ্য হাটবাজারে নিতে পারেছ না। পথচারীদের চরম কষ্টে যাতায়াত করতে হচ্ছে। সকলের একই প্রশ্ন এ ভোগান্তির শেষ কোথায়?

সিএনজি চালক মশিউর রহমান, রাজু আহম্মেদ, আরিফ বলেন, আমরা হাইওয়ে দিয়ে সিএনজি চালাতে পারি না এই বাইপাস দিয়ে ভবানীপুর পর্যন্ত চলতে হয়। কিন্তু এই রাস্তার বেহাল অবস্থা হওয়ায় যাত্রি নামিয়ে দিয়ে কষ্ট করে পার হতে হয়। অনেক সময় সিএনজি উল্টে যায়। অটোভ্যান, ভটভটি চালকরা বলেন, অবস্থা এতই খারাপ যে, এই রাস্তা দিয়ে যাত্রি ও মালামাল নামিয়ে দিয়ে পার হতে হয় আমাদের।

এলাকার ব্যবসায়ী নুরু, শামিম, রায়হান, পারভেজ জানান, দীর্ঘদিন ধরে সড়কটি সংস্কারের দাবি জানাচ্ছে এলাকাবাসী। আমরা সরকারের বিভিন্ন দফতরে বহুবার অভিযোগ করেছি। কিন্তু কোনো প্রতিকার পাইনি।

১০নং শাহবন্দেগী ইউনিয়নের ১নং ওয়ার্ড সদস্য ছানোয়ার হোসেন জানান, রাস্তাটি দ্রুত মেরামতের দাবিতে গত জুন ২০১৯ সালে ইউএনও বরাবর লিখিত অভিযোগও দায়ের করা হয়েছে। এ নিয়ে বিভিন্ন গনমাধ্যমে ২ জুন ২০১৯ সালে ‘বগুড়ার শেরপুরের শেরুয়া এলাকায় পানি নিষ্কাশনে ড্রেন নির্মাণের দাবি এলাকাবাসীর’ শিরোনামে

বিভিন্ন পত্রিকায় নিউজ প্রকাশ হয়েছে। কিন্তু তাতে কোনো কাজে আসেনি। এ ব্যাপারে সরকারি বিভিন্ন দফতরে বলা হলেও তা আজ পর্যন্ত সংস্কার করা হয়নি। নয়া দিগন্ত

পাকিস্তান | মুরতাদ বাহিনীর ক্যাম্পে মুজাহিদদের সফল মিসাইল ও স্নাইপার হামলা, হতাহত অনেক

পাকিস্তান ভিত্তিক সবচাইতে জনপ্রিয় ও সর্ববৃহৎ জিহাদী জামা'আত 'তেহরিক-ই-তালেবান পাকিস্তানের মুজাহিদিন দেশটির মুরতাদ সরকারি বাহিনীকে টার্গেট করে সফল মিসাইল ও স্নাইপার হামলা চালিয়েছে।

তেহরিক-ই-তালেবান পাকিস্তানের মুখপাত্র মুহাম্মদ খোরাসানি হাফিজাহুল্লাহ্ জানিয়েছেন, গত ২৯ আগস্ট শনিবার সকাল ৬টায়, বাজুর এজেন্সীর চার্মাং হেলাল এলাকায় অবস্থিত পাকিস্তানী মুরতাদ বাহিনীর 'গুন্ডাডী' সামরিক ক্যাম্পে সফলভাবে মিসাইল হামলা চালিয়েছে। এই অভিযানে অংশ নেওয়া মুজাহিদিনরা জানান, এতে মুরতাদ বাহিনীর ব্যাপক জান-মালের ক্ষয়ক্ষতির আশংকা রয়েছে।

এর আগে অর্থাৎ গত ২৫ আগস্ট সোমবার সন্ধার পরে, বাজুর এজেন্সীর গাবরী-সার এলাকায় এক নাপাক সৈন্যকে টার্গেট করে সফল স্নাইপার হামলা চালিয়েছেন টিটিপির মুজাহিদগণ। যার ফলে ঘটনাস্থলই ঐ মুরতাদ সৈন্য নিহত হয়।

ইয়ামান | মুজাহিদদের হামলায় ডজন খানেক হুতি বিদ্রোহী নিহত, আহত অনেক

আল-কায়েদা আরব উপদ্বীপ ভিত্তিক শাখা আনসারুশ শরিয়াহ (একিউএপি) এর জানবায মুজাহিদিন বেশ কিছুদিন যাবৎ হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে তীব্র হামলা চালাচ্ছেন।

এরি ধারাবাকিতায়, গত ২৯ আগস্ট ইয়ামানের বায়দা রাজ্যের তৈয়ব এলাকায় ইরান সমর্থিত মুরতাদ হুতি বা শিয়া বিদ্রোহীদের উপর তীব্র হামলা চালিয়েছেন 'একিউএপি' এর জানবাজ মুজাহিদিন। যার ফলে ডজন খানেক মুরতাদ হুতি শিয়া সৈন্য নিহত হয়েছে, আহত হয়েছে আরও অনেক। বাকি সৈন্যরা ময়দান ছেড়ে পলায়নের সময় তাদের নিহত অনেক সৈন্যের মৃত দেহই ময়দানে ফেলে পলায়ন করে।

অভিযান শেষে আল-কায়েদা মুজাহিদগণ মুরতাদ বাহিনী থেকে ব্যাপক গনিমত লাভ করেন।

খোরাসান | তালাবান যোদ্ধাদের বীরত্বপূর্ণ হামলায় ৫৬ কাবুল সেনা নিহত

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবাজ তালেবান মুজাহিদিন আফগানিস্তানের বিভিন্ন স্থানে বীরত্বপূর্ণভাবে সফল অভিযান পরিচালনা করেছেন। ৩০ আগস্ট সকাল বেলায় মুজাহিদদের পরিচালিত এসকল অভিযানে নিহত হয়েছে কাবুল সরকারের ৫৬ এরও অধিক মুরতাদ সৈন্য।

ইমারতে ইসলামিয়ার কেন্দ্রীয় দু'জন মুখপাত্র তাদের টুইটারে কাবুল বাহিনীর হতাহতের এসকল সংবাদ নিশ্চিত করেছেন।

তাঁরা দাবি করেন, নানগারহার প্রদেশের খোগিয়ান জেলায় কাবুল বাহিনীর একটি চেকপোস্টে তীব্র হামলা চালিয়ে তা বিজয় করে নিয়েছে তালেবান মুজাহিদিন। এসময় মুজাহিদদের হাতে নিহত হয়েছে কাবুল বাহিনীর ১৩ সেনা সদস্য, আহত হয়েছে আরো ৩ সৈন্য।

অপরদিকে হেলমান্দের নাহরসিরাজ অঞ্চলে মুরতাদ বাহিনীর একটি চেকপোস্টে হামলা চালিয়ে সেখানকার ৮ সৈন্যকে হত্যা এবং ৫ সৈন্যকে আহত করেন তালেবান মুজাহিদগণ। পরিশেষ চেকপোস্টটিও বিজয় করেনেন তালেবান মুজাহিদগণ।

এমনিভাবে বলখ প্রদেশের কেন্দ্রীয় শহরে মুজাহিদদের পরিচালিত এক হামলায় নিহত হয়েছে কাবুল বাহিনীর ৯ পুলিশ ও সেনা সদস্য, আহত হয়েছে আরো ২ এরও অধিক।

একইভাবে কাপিসা প্রদেশের তাগাব জেলায় মুরতাদ বাহিনীর একটি চেকপোস্টে সফল হামলা চালিয়েছে তালেবান মুজাহিদগণ। এসময় মুজাহিদদের হামলায় নিহত হয় ১১ সেনা সদস্য। বিপরীতে একজন তালেবান মুজাহিদও শাহাদাত বরণ করেন (ইনশাআল্লাহ্)।

এদিকে পাকতিয়া প্রদেশের আরওয়ান্দ এলাকায় মুজাহিদদের অপর একটি সফল হামলায় কাবুল বাহিনীর ৫ সৈন্য নিহত হয়, আহত হয় আরও অনেক সৈন্য।

খোরাসান | বলখ প্রদেশের বিভিন্ন জেলা হতে ৭৩ সেনাসদস্যের ইমারতের ইসলামিয়ায় যোগদান

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের তালেবান মুজাহিদিন বাহিনীতে বালখের বিভিন্ন জেলা কাবুল প্রশাসনের ৭৩ সেনাসদস্য তালেবানদের সাথে যোগদান করেছে। গত শনিবার এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়।

ইমারতে ইসলামিয়ার একজন কেন্দ্রীয় মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ তাঁর টুইটার অ্যাকাউন্টে লিখেছেন, কাবুল সরকারের অনুগত সেনাবাহিনীর এসকল সদস্যরা বলখ প্রদেশের চার্বোলাক, চামতাল, শুলগড়া, দওলতাবাদ, নাহর শাহী, চামতল ও খাস বালখ জেলা থেকে তালেবানদের সাথে এসে মিলিত হয়েছে।

তিনি আরো জানান, ইমারতে ইসলামিয়া আফগানিস্তান কর্তৃক নিয়োজিত দাওয়াতুল ইরশাদ কমিটির দায়িত্বে থাকা মুজাহিদদের প্রচেষ্টার ফলে কাবুল সরকারের ৭৩ জন সেনা সদস্য তাদের পদ থেকে পদত্যাগ করেছেন

এবং ইমারতে ইসলামিয়ার মুজাহিদদের সাথে যোগদান করেছে। এসময় তালেবান কর্মকর্তারা তাদেরকে উষ্ণ অভ্যর্থনা জানিয়েছেন।

সম্প্রতি, বিপুল মুরতাদ কাবুল সরকারের সংখ্যক সেনা তালেবানের কাছে আত্মসমর্পণ করছেন, আর আত্মসমর্পণের এই ধারা কাবুলের পুতুল সরকারের ভীত কাঁপিয়ে দিচ্ছে।

দক্ষিণ আফ্রিকায় হিন্দু প্রতিবেশীর আপত্তিতে মাইকে আজান বন্ধের নির্দেশ

'উচ্চশব্দে' আজানে আপত্তি জানিয়ে হিন্দু প্রতিবেশীর করা আবেদনের পরিপ্রেক্ষিতে দক্ষিণ আফ্রিকার একটি মসজিদে মাইকে আজান বন্ধের নির্দেশ দিয়েছেন আদালত।

ডারবানের কাজুলু-নাটাল হাইকোর্টের বিচারক সিডবেল এনগাদি এই আদেশ দেন। আদেশে বলা হয়, মসজিদের সড়কের বিপরীত পাশে থাকা ওই বাসিন্দার বাড়িতে যাতে আজানের শব্দ না যায়।

হিন্দু ধর্মাবলম্বী চন্দ্র ইল্লোরি দক্ষিণ আফ্রিকার ইসিপিঙ্গো সৈকত এলাকায় মাদরাসা তালেমুদ্দীন ইসলামিক ইনস্টিটিউটের বিপরীত দিকের বাসিন্দা। তার যুক্তি, আজানের শব্দ 'তাকে নিজ সম্পত্তির মালিকানা ভোগ থেকে বঞ্চিত করে'।

আলজাজিরা

ইয়ামান | গুপ্তচরদের একটি টিমকে গ্রেপ্তার করেছে আল-কায়েদা আরব উপদ্বীপ শাখা

আরব উপদ্বীপ ভিত্তিক আল-কায়েদার অফিসিয়াল 'আল-মালাহিম' মিডিয়া ফাউন্ডেশন কর্তৃক গত ২৪ আগস্ট সোমবার প্রকাশিত এক বিবৃতিতে বলা হয়েছে, ক্রুসেডার আমেরিকা, সৌদি ও আমিরতের গোয়েন্দা পরিষেবার কাজে নিয়োজিত একটি নতুন গুপ্তচর নেটওয়ার্কের সদস্যদের গ্রেপ্তার করেছে আনসারুশ শরিয়াহ্ এর জানবাজ মুজাহিদিন।

বিবৃতিতে বলা হয়েছে যে, গুপ্তচর নেটওয়ার্কের এই সদস্যরা ক্রুসেডার আমেরিকান, সৌদি ও আমিরতের গোয়েন্দা বিভাগের জন্য কাজ করতো। যাদের একটি টিমকে ইতোমধ্যে মুজাহিদগণ গ্রেপ্তার করতে সক্ষম হয়েছে। এসকল সদস্যরা মুজাহিদদের নিয়ন্ত্রিত এলাকায় গুপ্তচরবৃত্তি চালাতো এবং মুজাহিদদের গাড়ি ও সাইটগুলোতে ইলেক্ট্রনিক চিপ বসিয়ে দিতো। যার ফলে ক্রুসেডার ও মুরতাদ বাহিনী অতি সহজেই মুজাহিদদের টার্গেট করে ড্রোন ও বিমান হামলা চালাতো।

এছাড়াও এসকল নিকৃষ্টতম গুপ্তচর নেটওয়ার্কের সদস্যসরা সাধারণ মানুষদের বিভিন্নভাবে চাপ ও ভয় দেখিয়ে এবং তাদের সাথে অনৈতিক আচরণের মাধ্যমে তাদেরকে মুজাহিদদের বিরুদ্ধে প্ররোচিত করতো।

বিবৃতিতে আরও যোগ করা হয়েছে যে, এই পদক্ষেপগুলির জন্য ক্রুসেডার ও মুরতাদ বাহিনী চিকিৎসক, জনসেবক, ত্রাণকর্তা ও বিভিন্ন সংগঠনের কর্মকাণ্ডে যুক্ত এমন লোকদেরকেই নিযুক্ত করা হতো। যার ফলে সহজেই তারা মুজাহিদ ও সাধারণ মুসলিমদের নিকট পৌঁছে যেতো।

এমনই এক গুপ্তচর ডাক্তার 'মুহাম্মদ আল-ইউসূফ' কে কিছুদিন পূর্বে মুজাহিদগণ বন্দী করেছিলেন, অতঃপর মুজাহিদগণ জনসম্মুখে তাকে মৃত্যুদণ্ড এবং ক্রুশবিদ্ধকরণ করেছেন।

বিবৃতিতে সতর্কবাণী হিসেবে বলা হয়েছে, যারা গোয়েন্দা কর্মকাণ্ডে অংশ নিয়েছে তারা যেন সেচ্ছায় আনসারুশ শরিয়াহর কাছে আত্মসমর্পণ করে এবং তানযিম থেকে জারি করা সাধারণ ক্ষমা লাভের জন্য মুজাহিদদের হাতে গ্রেপ্তার হওয়ার আগেই যেন তারা সেচ্ছায় এটি করে।

২৯শে আগস্ট, ২০২০

খোরাসান | তালেবান মুজাহিদদের হামলায় ৩৭ মুরতাদ সৈন্য নিহত

ইমারতে ইসলামিয়া আফগারিস্তানের জানবায তালেবান মুজাহিদদের পৃথক ৪টি অভিযানে মুরতাদ কাবুল প্রশাসনের ৩৭ সৈন্য নিহত হয়েছে, আহত হয়েছে আরো অনেক সৈন্য।

আল-ফাতাহ অপারেশণের ধারাবাকিতায় ২৯ আগস্ট শনিবার সকাল বেলায়, আফগানিস্তানের ৪টি এলাকায় মুরতাদ কাবুল সরকারি বাহিনীর বিরুদ্ধে সফল অভিযান পরিচালনা করেছেন ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবায তালেবান মুজাহিদিন।

এরমধ্যে নানগারহার প্রদেশের খোগিয়ান জেলায় তালেবান মুজাহিদদের পরিচালিত এক হামলায় নিহত হয়েছে মুরতাদ বাহিনীর ১৯ সেনা সদস্য, আহত হয়েছে আরো অনেক সৈন্য।

অপরদিকে হেরাত প্রদেশের শিন্দাদ জেলায় মুজাহিদদের পরিচালিত হামলায় নিহত হয়েছে মুরতাদ বাহিনীর ১০ সেনা সদস্য।

এমনিভাবে জাবুল প্রদেশের শাজুয়ী এলাকায় মুরতাদ বাহিনীর একটি পোস্টে সফল হামলা চালান মুজাহিদগণ, এতে ৯ মুরতাদ সৈন্য নিহত হয়েছে, বাকি সৈন্যরা পোস্ট ছেড়া পলায়ন করেছিল।

একইভাবে বলখ প্রদেশের নাহেরশাহী অঞ্চলে কাবুল বাহিনীর একটি সামরিক বেসে সফল হামলা পরিচালনা করেন তালেবান মুজাহিদিন। যার ফলে এক সেনা কমান্ডারসহ ৯ মুরতাদ সৈন্য নিহত হয়েছিল, আহত হয়েছিল আরো অনেক মুরতাদ সৈন্য।

ঢাকায় আসার পথে ব্যবসায়ী এনায়েত-উল হক নিখোঁজ

নিজের ব্যবসাপ্রতিষ্ঠানের জন্য কাপড় কিনতে রাজধানীতে আসার পথে মো. এনায়েত-উল হক নামে এক ব্যবসায়ী নিখোঁজ হয়েছেন।

জানা গেছে, গত বৃহস্পতিবার সকালে নিজের ব্যবসাপ্রতিষ্ঠান থেকে ঢাকায় রওনা দেন এনায়েত-উল হক। পথিমধ্যে কেরানীগঞ্জের রুহিতপুর এলাকায় অবস্থানকালে তার সঙ্গে মোবাইলে পরিবারের সদস্যদের যোগাযোগ হয়। এরপর থেকে তার নম্বরটি বন্ধ হয়ে যায়।

বিষয়টি নিশ্চিত করে হরিরামপুর থানার উপ-পরিদর্শক (এসআই) রুহুল বলেন, ব্যবসায়ী নিখোঁজের ঘটনায় জিডি হয়েছে। আমরা তাকে খুঁজে বের করতে কাজ শুরু করেছি। কালের কণ্ঠ

আজ শনিবার পর্যন্ত সম্ভাব্য সব স্থানে খোঁজাখুজি করেও তার সন্ধান না পেয়ে মানিকগঞ্জের হরিরামপুর থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন নিখোঁজের স্ত্রী।

দেশে আইন শৃংখলার চরম অবনতির কারণেই এমন সব ঘটনা ঘটছে বলে মতামত দিয়েছেন বিশেষজ্ঞরা।

সুইডেনে কোরআন পোড়ানোর প্রতিবাদে বিক্ষোভ মুসলিমদের

ইসলামের প্রধান ধর্মীয়গ্রন্থ পবিত্র কোরআন পোড়ানোর প্রতিবাদে সুইডেনের দক্ষিণাঞ্চল মালমো শহরে বিক্ষোভ হয়।

গতকাল শুক্রবার (২৮ আগস্ট) রাতে এ ঘটনা ঘটে। ইসলাম ধর্মের প্রধান পবিত্র গ্রন্থ কোরআন অবমাননার প্রতিবাদে মালমো শহরের প্রায় তিন শ জন বিক্ষোভকারী অংশগ্রহণ করেন।

মুসলিমবিরোধী ডানপন্থী দলের কর্মীরা কোরআন পোড়ানোর মিছিল শুরু করার আগে বিক্ষোভটি শুরু হয়। এতে ইট নিক্ষেপ ও গাড়ির টায়ারে অগ্নিসংযোগের ঘটনাও ঘটে।

পুলিশের বর্ণনা মতে, শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনতে পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণে আনা হয়। বিক্ষোভের ঘটনার কিছুক্ষণ পরই মুসলিমবিরোধী ডেনিশ নেতাকে কোরআন পোড়ানোর মিছিলে অংশগ্রহণ করতে নিষেধ করা হয়।

পুলিশের মুখপাত্র লিকার্ড লুন্ডকাভিস্ট স্থানীয় গণমাধ্যমকে বলেন, ইতিপূর্বে সংঘটিত আরেকটি ঘটনার সঙ্গে এই ঘটনাটি সম্পৃক্ত। সেদিন তাঁরা ইসলাম ধর্মের পবিত্র গ্রন্থ কোরআন পুড়িয়েছিল।

স্থানীয় গণমাধ্যমের সূত্র মতে, মালামোর কোরআন পোড়ানোর স্থানটিতে ক্রমান্বয়ে বিক্ষোভ বৃদ্ধি পাচ্ছে। গত শুক্রবার মালামোতে ইসলামবিরোধী অনেক দল কোরআন অবমাননার জন্য সমবেত হয়েছিল। জনসম্মুখে তাঁরা কোরআনের কপিতে পদাঘাত করেছিল।

গতবছর ডানপন্থী নেতা পেলুদান কোরআন পুড়িয়ে মিডিয়ার দৃষ্টি আকর্ষণ করেন। শূকরের মাংসে আবৃত কোরআনের একটি কপি নিয়ে বলেন, এ খাদ্য যা মুসলিমদের জন্য অভিশাপ বয়ে আনছে। কালের কণ্ঠ

যুক্তরাষ্ট্রে এবার হারিকেন লরার তান্ডবে নিহত ১৪

যুক্তরাষ্ট্রের লুইজিয়ানা ও টেক্সাস অঙ্গরাজ্যে হারিকেন লরার আঘাতে কমপক্ষে ১৪ জন প্রাণ হারিয়েছেন। কর্তৃপক্ষ ও স্থানীয় সংবাদ মাধ্যম শুক্রবার এ কথা জানিয়েছে।

লুইজিয়ানার গভর্নর জন বেল এডওয়ার্ড তার রাজ্যে কমপক্ষে ১০ জনের প্রাণ হারানোর কথা নিশ্চিত করেছেন। এদের অর্ধেকই মারা গেছে জেনারেটরের বিষাক্ত কার্বন মনো-অক্সাইডের কারণে। বাড়িতে গাছ ভেঙে পড়ে ও পানিতে ডুবে বাকিদের মৃত্যু হয়েছে।

এছাড়া রাজ্যটিতে চার লাখ ৬৪ হাজার ৮১৩ গ্রাহক শুক্রবার বিদ্যুৎ বিহীন অবস্থায় ছিল।

টেক্সাসে মৃত চারজনের তিনজনই জেনারেটরের বিষাক্ত কার্বন মনো-অক্সাইডের কারণে মারা গেছে। বাকি একজন ঝড়ের প্রত্যক্ষ প্রভাবে মারা গেছে কিনা তা জানা যায়নি।

এদিকে শুক্রবার হাইতির সিভিল প্রটেকশান সার্ভিস বলেছে, হারিকেন লরার কারণে সেখানে ৩১ জন প্রাণ হারিয়েছে। নয়া দিগন্ত

এমপির ভাইকে বাড়ির সামনে কুপিয়ে হত্যা

কুষ্টিয়ার দৌলতপুরে নিজ বাড়ির সামনে হাসিনুর রহমান (৫০) নামে এক ব্যক্তিকে রামদা দিয়ে কুপিয়ে হত্যা করেছেন এক দুর্বৃত্ত। নিহত হাসিনুর রহমান কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনের সংসদ সদস্য (এমপি) অ্যাড. আ. কা.ম সারওয়ার জাহান বাদশার ফুফাতো ভাই।

আজ শনিবার সকাল সাড়ে ৭টার দিকে উপজেলার ফিলিপনগর গ্রামে এ ঘটনা ঘটে। এ সময় দুর্বৃত্তের হাতে জব্বার নামে আরেক ব্যক্তি আহত হন।

নিহতের স্বজনেরা জানান, হাসিনুর রহমান রাজনীতির সঙ্গে সক্রিয়ভাবে জড়িত ছিলেন। এমপি বাদশার অবর্তমানে তার ব্যক্তিগত ও দলীয় কাজকর্ম দেখভাল করতেন হাসিনুর। আজ শনিবার সকাল সাড়ে ৭টার দিকে তিনি জব্বার নামে একজনের মোটরসাইকেলে চড়ে নিজ বাড়ি থেকে স্থানীয় বাজারের দিকে যাচ্ছিলেন। এ সময় বাড়ির পাশেই একটি দোকানের কাছে আগে থেকে ওঁৎ পেতে থাকা দুর্বৃত্ত তার ওপর আচমকা হামলা চালায়। আমাদের সময়

হামলাকারী হাসিনুরকে রামদা দিয়ে এলোপাতাড়ি কোপাতে থাকলে তিনি মোটরসাইকেল থেকে রাস্তায় লুটিয়ে পড়েন। পরে ঘটনাস্থলেই তার মৃত্যু হলে হামলাকারী পালিয়ে যান। হামলাকারীর আঘাতে মোটরসাইকেলের চালক জব্বার আলী আহত হন। আর এখনো কাউকে গ্রেফতার করতে পারেনি পুলিশ।

নিষেধাজ্ঞার মধ্যেই তালেবান উমারাদের পাকিস্তান সফর, দেশটির উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা

পাকিস্তান সরকার কাতারে অবস্থিত ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের রাজনৈতিক কার্যালয়ের প্রধান ও তালেবানের উপ-নেতা মোল্লা আবদুল গনি ব্রাদার এবং হাক্কানি নেটওয়ার্কের বর্তমান আমীর সিরাজউদ্দিন হাক্কানিসহ বেশ কয়েকজন তালেবান উমারাদের উপর নিষেধাজ্ঞা আরোপ করেছিল। যে কারণে তালেবানদের রাজনৈতিক কার্যালয়েরর মুখপাত্র সোহাইল শাহিন হাফিজাহুল্লাহ্ সহ পাকিস্তান ও আফগান জনগণ নাপাক সরকারের এমন সিদ্ধান্তের ব্যাপক সমালোচনা করেন।

কিন্তু পাকিস্তান সরকারের এই নিষেধাজ্ঞার আরোপের ২ দিন পরেই দেশটির সরকারি আমন্ত্রণে পাকিস্তান সফরে ইসলামাবাদ পৌঁছেন মোল্লা আবদুল গনি হাফিজাহুল্লাহ্ সহ তালেবানদের ৬ সদস্যের একটি প্রতিনিধিদল। যা অবশ্যই সাধারণ মানুষের অন্তরে চাঞ্চল্য সৃষ্টি করেছিল।

পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বরাত দিয়ে বলা হয়েছিল যে, নাপাক সরকার ইমারতে ইসলামিয়ার উপ-প্রধান মোল্লা আবদুল গনী ব্রাদার, হাক্কানী নেটওয়ার্ক সহ তালেবানদের আরও বেশ কয়েকজন নেতাকে একটি তালিকায় যুক্ত করেছে, যার অধীনে তাদের সম্পদ বাজেয়াপ্ত করা, দেশে ভ্রমণ করা এবং অস্ত্র ক্রয়-বিক্রয় করতে পারবেন না। তবে বিশ্লেষকদের মতে, তালেবান নেতারা শান্তি আলোচনায় অংশ নেওয়ার ভিত্তিতে জাতিসংঘ বহির্বিশ্বে তালেবানদের ভ্রমণের অনুমতি দিতে বাধ্য থাকবে। আর সেই ভিত্তিতেই নিষেধাজ্ঞার মধ্যেই তালেবান পাকিস্তান সফর করেছে।

সর্বশেষ সকল জল্পনাকল্পনার পরিসমাপ্তি টেনে গত ২৫ আগস্ট মঙ্গলবার ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের উপ-প্রধান মোল্লা আবদুল গনী ব্রাদার এর নেতৃত্বাধীন ৬ সদস্যের তালেবান প্রতিনিধি দলটি পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী, আফগানিস্তানে নিয়োজিত পাকিস্তানের বিশেষ দূত এবং দেশটির অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে সাক্ষাত করেছেন এবং গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেছেন।

সোহাইল শাহিন হাফিজাহুল্লাহ্ জানান, তালেবানদের প্রতিনিধি দলটি প্রথমেই পাকিস্তানে অবস্থিত আফগান শরণার্থী সমস্যার সমাধানের দাবি জানিয়েছিল, যা পাকিস্তানী পক্ষ গ্রহণ করেছিল এবং আশ্বাস দিয়েছিল যে এটি যত তাড়াতাড়ি সম্ভব তারা সমাধান করবে।

তিনি আরও জানান, পাকিস্তানে আফগান শরণার্থীদের চলাচল ও ডকুমেন্টেশন সম্পর্কিত বিষয়, করাচি বন্দরে আফগান ব্যবসায়ীদের সম্পত্তি বিলুপ্তির বিষয়টি, পাশাপাশি আফগানীদের রফতানির জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা এবং পথে বিলম্বের বিষয়টি নিয়েও আলোচনা হয়েছিল।

এছাড়াও আফগান শিক্ষার্থীদের জন্য বৃত্তি এবং আফগান শিক্ষার্থীদের জন্য সুযোগ-সুবিধা দেওয়ার দাবিও করা হয়েছে। এছাড়াও পাকিস্তান সরকারের কারাগারে বন্দী আফগান শরণার্থীদের মুক্তি নিয়েও আলোচনা করেছিল তালেবান প্রতিনিধিদল, পাকিস্তানি কর্মকর্তারা ছোটখাট অপরাধে জড়িত আফগান বন্দীদের মুক্তি নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে। আর কঠিন অপরাধীদের কারাবাস কমানোর কথাও জানিয়েছে তারা।

পশ্চিম আফ্রিকা | তৃদেশীয় সীমান্তের ৫টি গ্রামসহ বিস্তীর্ণ এলাকা নিয়ন্ত্রণে নিয়েছে আল-কায়েদা

আল-কায়েদা পশ্চিম আফ্রিকা ভিত্তিক শাখা 'জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন' এর জানবায মুজাহিদিন মালি, বুর্কিনা-ফাসো ও নাইজারের মধ্যবর্তী ত্রিভুজ সীমান্তের বিস্তীর্ণ অঞ্চল দখলে নিয়েছেন।

বিস্তারিত রিপোর্ট থেকে জানা গেছে, গত ২৪ আগস্ট এই ৩টি দেশের লাগোয়া সীমান্তে অভিযান চালাতে শুরু করেন আল-কায়েদা মুজাহিদিন, প্রায় দীর্ঘ ৪ দিন যাবৎ এই ত্রিভুজ সীমান্ত অঞ্চলে অভিযান চালাতে থাকেন মুজাহিদগণ। যার সমাপ্তি হয়েছিল গত ২৭ আগস্ট।

এই অভিযানের মাধ্যমে মুজাহিদগণ মালি, বুর্কিনা-ফাসো ও নাইজার সীমান্তের বেশ কিছু এলাকা বিজয় করে নিয়েছেন। যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- আন্দাকি, তাইসেট, অ্যানটিলেট, গোরমা_রারৌস, ও হামবুরি। এই এলাকাগুলোর মধ্যে 'তাইসেট' এর অনেকাংশ নিয়ন্ত্রণ করত আইএস সন্ত্রাসীরা।

আলহামদুলিল্লাহ্, মুজাহিদগণ এই অভিযানে ৩টি দেশের মুরতাদ বাহিনীর বিরুদ্ধে লড়াইয়ের পাশাপাশি আইএস সন্ত্রাসীদের বিরুদ্ধেও বীরত্বপূর্ণ অভিযান পরিচালনা করেছেন। যার ফলে মুজাহিদদের হাতে নিহত ও আহত হয়েছিল কয়েক ডজন মুরতাদ সৈন্য ও খারেজী আইএস সদস্যরা। যারা বেঁচে গিয়েছিল তারা এলাকা ছেড়ে পলায়ন করেছে।

মুজাহিদদের হামলায় নিহত সৈন্যদের দেহগুলো এবং তাদের ধ্বংস হওয়া সামরিকযান ও গাড়িগুলি এখনও গ্রামগুলিতে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে ছিটিয়ে আছে।

দিল্লিতে মুসলিমবিরোধী গণহত্যায় পুলিশের সক্রিয় অংশগ্রহণের প্রমাণ পেয়েছে অ্যামনেস্টি

গত ফেব্রুয়ারিতে ভারতের রাজধানী দিল্লিতে ভয়াবহ মুসলমানবিরোধী পগরমের ঘটনায় পুলিশের সক্রিয় অংশগ্রহণ এবং বেআইনি কাজে যুক্ত থাকার প্রমাণ দেখতে পেয়েছে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। যুক্তরাজ্যভিত্তিক মানবাধিকার সংস্থাটির এক অনুসন্ধানে একথা জানানো হয়েছে। শুক্রবার (২৮ আগস্ট) ওই প্রতিবেদনে বলা হয়েছে, পুলিশের ওই মানবাধিকার হরণকারী ভূমিকা খতিয়ে দেখতে একটি তদন্তও শুরু করেনি ভারত। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার প্রতিবেদন থেকে এসব তথ্য জানানো হয়েছে।

বিতর্কিত নাগরিকত্ব আইনের বিরুদ্ধে বিক্ষোভের জেরে গত ফেব্রুয়ারিতে দিল্লিতে শুরু হয় ভয়াবহ পগরম। এতে নিহত হয় অন্তত ৫৩ জন। যাদের বেশিরভাগই মুসলমান ধর্মাবলম্বী। ক্ষমতাসীন বিজেপি নেতাদের প্রত্যক্ষ মদতে শুরু হওয়া ওই গণহত্যায় পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন ওঠে। তবে তা আমলে নেয়নি ক্ষমতাসীন দলটি।

অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল জানিয়েছে দিল্লির দাঙ্গার ঘটনা অনুসন্ধানে তারা বেঁচে যাওয়া মানুষ, প্রত্যক্ষদর্শী, মানবাধিকার কর্মী, অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাদের সঙ্গে কথা বলা ছাড়াও বেশ কয়েকটি ভিডিও বিশ্লেষণ করেছে। এসব ভিডিও বিশ্লেষণ ও আলাপচারিতায় দিল্লি পুলিশের ব্যাপক আকারে মানবাধিকার লঙ্ঘনে যুক্ত থাকার প্রমাণ পাওয়া গেছে।

অ্যামনেস্টির বিবৃতিতে বলা হয়েছে, '২০২০ সালের ফেব্রুয়ারিতে দিল্লিতে সংঘটিত সহিংসতায় সক্রিয়ভাবে অংশ নিয়েছে পুলিশ আর বেআইনি কাজেও যুক্ত ছিল, তারপরও গত ছয় মাসে পুলিশের মানবাধিকার হরণের ঘটনাও একটি তদন্তও শুরু হয়নি।' এই ঘটনায় ব্যাপক ও নিরপেক্ষ তদন্ত চালাতে ভারত সরকারের প্রতি আহ্বান জানিয়েছে মানবাধিকার সংস্থাটি।

অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল ভারতের নির্বাহী পরিচালক অভিনাশ কুমার বলেন, দিল্লি পুলিশ সরাসরি ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কাছে দায়বদ্ধ আর এটা বিস্ময়কর যে এখন পর্যন্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় পুলিশের জবাবদিহিতা নিশ্চিতের কোনও উদ্যোগই নেয়নি।

ভারতের আসামে করোনা পরিস্থিতিতেও ছাড় পাচ্ছেন না বাঙালিরা,'ডি-ত্রাস'অব্যাহত

করোনা পরিস্থিতির মধ্যে মানুষ যখন দিশেহারা তখনও বাঙালিদের হয়রানি করার জন্য নিশানা করতে ছাড়ছে না আসামের বিজেপি সরকার। মহামারির সংকটময় পরিস্থিতির মধ্যেও সর্বানন্দ সনোয়াল সরকার বাঙালিদের ডি আতঙ্কে তাড়া করে চলেছে। একের পর এক মানুষকে সন্দেহভাজন বিদেশি নোটিশ ধরিয়ে দেওয়া হচ্ছে যাঁদের তাঁরা প্রত্যেকেই বংশ পরম্পরায় আসামের বাসিন্দা। সারা বাঙালি ঐক্য মঞ্চের কার্যনির্বাহী সভাপতি শান্তনু মুখার্জি অভিযোগ করে বলেন, বিজেপি সরকার বাঙালিদের বেছে বেছে নিশানা করছে। তারা মুখে

বাঙালিদের সুরক্ষার কথা বললেও বাস্তবে করছে ঠিক বিপরীতটা। ভোটের নামে বাঙালিদের মিথ্যে প্রতিশ্রুতি দিচ্ছেন বিজেপি নেতারা। অথচ তাদের সরকার চলছে ঠিক তার বিপরীত পথে।

আসামের বাকসা জেলার পাকড়িগুড়ি গ্রামের বাসিন্দা দুর্গা আর্য। তাঁর বাপ-ঠাকুরদাও ওই অঞ্চলের বাসিন্দা ছিলেন। তাঁকে দু'দিন আগে 'সন্দেহভাজন বিদেশি' বলে 'ডি' নোটিশ পাঠিয়েছে বরপেটার ফরেনার্স ট্রাইব্যুনাল। বলা হয়েছে– আগামী ৩ সেপ্টেম্বর সকাল ১০টার মধ্যে দুর্গাদেবীকে আদালতে হাজির হতে হবে। ফলে আনতে হবে নিজের নাগরিকত্বের সমস্ত নথিপত্র। অবশ্য আইনজীবীকেও সঙ্গে আনতে পারেন।

হঠাৎ করে ফরেনার্স ট্রাইব্যুনালের এমন নোটিশে দিশেহারা হয়ে পড়েছেন অনেকেই। করোনা পরিস্থিতিতে এমনিতেই হাতে অর্থকড়ি বলতে তেমন কিছু নেই। তার উপর যানবাহনও ঠিকমতো চলছে না। তাছাড়া করোনা পরিস্থিতিতে আইনজীবীরাও বাইরে যেতে রাজি হচ্ছেন না। ফলে, কী হবে, তা ভেবে কুল কিনারা পাচ্ছেন না।

অসমের বিভিন্ন সংগঠন, বিশেষ করে ভাষা গত সংখ্যালঘু বাঙালিদের তরফ থেকে ইতিপূর্বে একাধিকবার ট্রাইব্যুনালের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেওয়া হয়েছে যে, এক জেলার বাসিন্দাদের কোন যুক্তিতে সন্দেহভাজন নোটিশ পাঠাচ্ছে অন্য জেলার ফরেনার্স ট্রাইব্যুনাল। নিজের জেলার ট্রাইব্যুনালের কাছে তিনি সন্দেহভাজন না হলেও অন্য জেলার ট্রাইব্যুনাল এবং সীমান্ত পুলিশের কাছে কী করে সন্দেহভাজন হয়ে যেতে পারেন? তা নিয়ে প্রশ্ন উঠেছে। অন্যান্যদের ক্ষেত্রেও এমনই ঘটল। বর্তমান লকডাউন পরিস্থিতিতে কী করে তারা নির্ধারিত দিনে অসময়ে দূরের জেলার ট্রাইব্যুনালে পৌঁছাবেন? ভেবে কুল পাচ্ছেন না।

২৮শে আগস্ট, ২০২০

৯ ফিলিস্তিনীকে বাড়ি থেকে ধরে নিয়ে গেছে ইহুদীবাদী ইসরায়লের বাহিনী

ফিলিস্তিনের জেরুসালেমের বিভিন্ন বাড়িতে অনুপ্রবেশ করে ৯ জন ফিলিস্তিনিকে ধরে নিয়ে গেছে ইহুদীবাদী সন্ত্রাসীদের অবৈধ রাষ্ট্র ইসরায়েল।

গতো ২৬ আগস্ট পূর্ব জেরুসালেমে এ ঘটনা ঘটে। একটি সংক্ষিপ্ত বিবৃতিতে দখলদার বাহিনী জানিয়েছেন, ফিলিস্তিনি কর্তৃপক্ষের নিরাপত্তা বাহিনীর সাথে তৎপরতা চালানো সন্দেহে তাদেরকে আটক করা হয়েছে।

উল্লেখ্য, পূর্ব জেরুসালেমে ফিলিস্তিনী সুরক্ষা পরিষেবা পরিচালনা করার অনুমতি দেয়নি ইহুদীবাদী সন্ত্রাসীদের অবৈধ রাষ্ট্র ইসরায়েল। ফিলিস্তিনিরা বলছেন, ২০১৭ সালের শেষদিকে আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই শহরটিকে ইসরাইলের রাজধানী হিসাবে ঘোষণা দেওয়ার পর থেকে সন্ত্রাসী কর্তৃপক্ষ জেরুসালেমে ফিলিস্তিনিদের বিরুদ্ধে অবরোধ ও হত্যাযজ্ঞ আরও বাড়িয়ে দিয়েছে। গতো কয়েক দশক ধরে চলমান সংঘাতের কেন্দ্রবিন্দুতে রয়েছে এই জেরুসালেম শহর।

সূত্র: মিডলইস্ট মনিটর

আবারও ২ ফিলিস্তিনির বাড়ি ভেঙে ফেলার নির্দেশ দিয়েছে ইসরায়েল

ফিলিস্তিনের বেথেলহামের একটি গ্রামের দুই ভাই ইউসুফ জাব্বারিন ও তার ভাই শাদী জাব্বারিনকে নিজ বাড়ি ভেঙে ফেলার নির্দেশ দিয়েছে ইহুদীবাদীদের অবৈধ রাষ্ট্র ইসরায়লের সেনাবাহিনী।

গ্রামের কাউন্সিলের প্রধান জায়েদ কাওয়াজবা জানান, ইসরায়লি বাহিনী আল- মানিয়া গ্রামটিতে আকস্মিক হামলা চালিয়ে দুটি বাড়ি ভেঙে ফেলার জন্য সামরিক আদেশ জারি করেছে। বাড়ি দুটি নির্মাণ অনুমতি ছাড়া বানানো হয়েছে বলে দাবি করছে ইসরাইলী বাহিনীর। এই এলাকায় ফিলিস্তিনিদের বাড়ি নির্মাণের অনুমতি পাওয়া প্রায় অসম্ভব।

বিল্ডিং পারমিট না থাকার অভিযোগে প্রতিনিয়ত ফিলিস্তিনিদের বসবাসের বাড়িঘর ভেঙে ফেলার নির্দেশ জারি করছে দখলদার ইসরাইল বাহিনী, যা আন্তর্জাতিক মানবাধিকার আইনের সরাসরি লঙ্ঘন।

সূত্র: মিডলইস্ট মনিটর

ইয়ামান | মুজাহিদদের হামলায় হুতি ফিল্ড-কমান্ডারসহ নিহত অন্তত ৫

আল-কায়েদা আরব উপদ্বীপ শাখা আনসারুশ শরিয়াহর মুজাহিদদের হামলায় মুরতাদ হুতি ফিল্ড-কমান্ডারসহ অন্তত ৫ শিয়া সৈন্য নিহত হয়েছে।

খবরে বলা হয়েছে, বৃহস্পতিবার ইয়ামানের বায়দা প্রদেশের জাকারিয়া সাইটের নিকটস্থ মুরতাদ হুতি বিদ্রোহীদের টার্গেট করে বোমা হামলা চালায় আল-কায়দা মুজাহিদিন। এতে মুরতাদ বাহিনীর ফিল্ড কমান্ডারসহ ২ হুতি সৈন্য নিহত হয়। আহত হয় আরো ৩।

এর আগে গেলো বুধবার বায়দা প্রদেশের মুকাইরাস ফ্রন্টের দিকে অগ্রসর হওয়ার চেষ্টা করলে মুজাহিদগণ হুতি শিয়া মিলিশিয়ার সামরিক বহরে একটি লাইন মাইন বিস্ফোরণ করেন। এতে মুরতাদ বাহিনীর একটি সামরিকযান ধ্বংস হয়েছে। হতাহত হয়েছে কয়েকডজন হুতি মিলিশিয়া।

ইয়ামান | মুজাহিদদের হামলায় ৭ হুতি মুরতাদ নিহত, বন্দী আরও ১

আল-কায়েদা আরব উপদ্বীপ ভিত্তিক শাখা আনসারুশ শরিয়াহর মুজাহিদিন ও ইরান সমর্থিত শিয়া বিদ্রোহী গ্রুপের মাঝে ইয়ামানের বিভিন্ন স্থানে তুমুল লড়াই চলছে।

এরই অংশ হিসেবে মুরতাদ হুতি বিদ্রোহীদের লক্ষ করে একটি জড়ো হামলা চালিয়েছেন আল-কায়েদা মুজাহিদিন। বুধবার দেশটির বায়দা রাজ্যের তৈয়ব এলাকায় এই হামলা চালানো হয়। হামলায় হুতি বিদ্রোহীদের ৭ সৈন্য নিহত হয়েছে। এছাড়াও বন্দী হয়েছে অপর এক সৈন্য।

এসময় মুজাহিদগণ বেশকিছু যুদ্ধাস্ত্র গনিমত লাভ করেন

খোরাসান | তালেবানের হামলায় কাবুল প্রশাসনের ৪৯ সৈন্য নিহত

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের তালেবান মুজাহিদদের পৃথক ৩টি অপারেশনে কাবুল মুরতাদ বাহিনীর অন্তত ৪৯ সৈন্য নিহত হয়েছে। আহত হয়েছে আরও অনেক।

বৃহস্পতিবার আল-ফাতাহ অপারেশনের ধারাবাকিতায় আফগানিস্তানের হেরাত, কুন্দুজ ও নানগারহার প্রদেশে এসব হামলা পরিচালিত হয়।

এরমধ্যে নানগারহার প্রদেশের খুগিয়ান জেলায় এদিন রাতে মুজাহিদদের পরিচালিত হামলায় মুরতাদ কাবুল বাহিনীর ১৮ সৈন্য নিহত হয়েছে। আহত হয়েছে আরো বেশ কয়েকজন। এসময় দু্জন মুজাহিদও আহত হন।

অপরদিকে কুন্দুজ প্রদেশের ইমাম সাহেব জেলা দীর্ঘদিন যাবৎ অবরুদ্ধ করে রেখেছেন তালেবান মুজাহিদ। মুজাহিদদের এই অবরোধ ভাঙতে সেনাবহর নিয়ে হামলা চালানোর চেষ্টা চালায় কাবুল বাহিনী। কিন্তু কালেবান মুজাহিদদের কঠোর প্রতিরোধে তাদের চেষ্টা পণ্ড হয়। সংঘর্ষে মুরতাদ বাহিনীর ১৫ সৈন্য নিহত হয়েছে। এছাড়ায় শত্রুপক্ষের ৩টি ট্যাংক ধ্বংস হয়েছে। বাকিরা ময়দান ছেড়ে পালিয়েছে।

এমনিভাবে হেরাত প্রদেশের শিন্দাদ জেলায় মুজাহিদদের রাত্রিকালীন অভিযানে ১২ মুরতাদ সৈন্য নিহত হয়েছে। আহত হয়েছে আরো ৩। অভিযানে মুজাহিদগণ মুরতাদ বাহিনীর ২ টি ওয়াচ-টাওয়ার দখল করেছেন।

আলহামদুলিল্লাহ্, এসব হামলার প্রতিটিতেই মুজাহিদগণ অসংখ্য গনিমত লাভ করেছেন।

২৭শে আগস্ট, ২০২০

ক্যাসিনোকাণ্ডে অভিযুক্তরাও আওয়ামীলীগে পদ-পদবি পেতে তৎপর

ক্ষমতাসীন আওয়ামী লীগের ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে গত ৩০ নভেম্বর। সম্মেলনের শেষে ঢাকার দুই নগরীর শীর্ষ চার নেতার নাম ঘোষণা করা হয়। সে সময় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের নির্দেশনা দেন পরবর্তী ২১ ফেব্রুয়ারির মধ্যে পূর্ণাঙ্গ কমিটি করার। কিন্তু প্রায় তিন মাসের মতো বেধে দেওয়া তার সে সময় পেরিয়ে গেছে আরও ছয় মাস আগে। এখন পর্যন্ত পূর্ণাঙ্গ কমিটির ঘোষণা আসেনি। সংশ্লিষ্টরা বলছেন, কমিটির সার্বিক কাজ শেষ পর্যায়ে। আগামী সেপ্টেম্বরের মধ্যেই পূর্ণাঙ্গ কমিটি দিতে দলীয় হাইকমান্ডের নির্দেশনা রয়েছে।

আসন্ন এ কমিটিতে যে কোনো মূল্যে ঠাঁই পেতে দৌড়ঝাঁপ শুরু করেছেন ক্যাসিনোকাণ্ড-সহ নানা অপকর্মে অভিযুক্ত বিতর্কিত নেতারা। নগর আওয়ামী লীগের শীর্ষপর্যায়ের নেতাদের সঙ্গে তো বটেই, কেন্দ্রীয় প্রভাবশালী নেতাদের কাছেও চলছে তাদের জোর লবিং। এমনকী বিগত দিনে আওয়ামী লীগ বা এর কোনো অঙ্গসহযোগী সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন না- এমন লোকও নগরের গুরুত্বপূর্ণ পদে বসতে উঠেপড়ে লেগেছেন। আর এসব নিয়ে নগরের দুই শীর্ষনেতার মধ্যে স্নায়ুর লড়াই চলছে বলেও জানিয়েছে একাধিক সূত্র।

মহানগর আওয়ামী লীগ সূত্রে জানা গেছে, ঢাকা মহানগর দক্ষিণে ক্যাসিনো কর্মকান্ড-, চাঁদাবাজি, দখলবাজিসহ নানা অপকর্মের কারণে বিতর্কিত ছিলেন যেসব নেতা, তাদের অনেকেরই আনাগোনা বেড়ে গেছে বঙ্গবন্ধু অ্যাভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে। জোর গুঞ্জন রয়েছে, ক্ষমতাসীন দলটির গুরুত্বপূর্ণ পদ-পদবি বাগিয়ে নিতে মোটা অঙ্কের টাকা ঢালতেও প্রস্তুত কেউ কেউ। তাদের এখন দেখা যাচ্ছে প্রভাবশালী নেতাদের দুয়ারে দুয়ারে। নেতিবাচক কর্মকাণ্ডের কারণে অভিযুক্ত ঢাকার দুই সিটির অন্তত চারজন কাউন্সিলর জোর লবিং শুরু করেছেন নতুন কমিটিতে ভালো পদ পেতে।

অন্যদিকে ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগে গুরুত্বপূর্ণ পদ পেতে জোর তৎপরতা চালাচ্ছেন যারা, তাদের অধিকাংশই ব্যবসায়ী। তারা তৃণমূল থেকে উঠে আসা রাজনীতিবিদ নন; আগে কখনো আওয়ামী লীগের রাজনীতিতে সম্পৃক্ত পর্যন্ত ছিলেন না। অথচ টাকার জোরে দলীয় পদ পেতে মরিয়া হয়ে উঠেছেন। উত্তর আওয়ামী লীগের গুরুত্বপূর্ণ ৬টি পদে এমন ব্যবসায়ীদের দেখা যেতে পারে বলে ইতোমধ্যে খবর চাউর হয়েছে।

আল-কায়েদা সমর্থিত সংবাদ মাধ্যমগুলোর বরাতে জানা গেছে, গত ৯ আগস্ট সন্ধ্যা হতে "একিউএপি" এর জানবায মুজাহিদিন ইয়ামানের "রাদা" রাজ্যের কাইফা অঞ্চলের বিভিন্ন স্থানে মুরতাদ হুতী বিদ্রোহীদের লক্ষ্য করে বড়ধরণের অভিযান চালাতে শুরু করেছেন।

১০ আগস্ট সন্ধ্যা পর্যন্ত প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী, "একিউএপি" এর জানবায মুজাহিদিন কাইফা অঞ্চলের গুরুত্বপূর্ণ "সাফওয়ান পর্বত" ও তার আশপাশের ৫টি গ্রাম, কয়েকটি ঘাঁটি ও পাহাড় ইরানের মদদপোস্ট মুরতাদ হুতী বিদ্রোহীদের থেকে বিজয় করে নিয়েছেন। প্রাথমিক রিপোর্ট অনুযায়ী মুজাহিদগণ এই অভিযানের সময় মুরতাদ হুতী বাহিনী থেকে গনিমত লাভ করেছেন ৬টি সামরিকযান সহ বিপুল পরিমাণ অত্যাধুনিক অস্ত্রশস্ত্র ও গুলাবারুদ। এছাড়াও মুজাহিদদের হামলায় নিহত হয়েছে ২০ এরও অধিক মুরতাদ সৈন্য, আহত হয়েছে আরো বহুসংখ্যক মুরতাদ সদস্য। আর পলাতক মুরতাদ সৈন্যদের সন্ধানে সার্চ অপারেশনও চালাচ্ছেন "একিউএপি" এর জানবায মুজাহিদিন।

অপরদিকে মুজাহিদগণ এখন "জী কিলাব" এর বাকি অংশ ও তার আশপাশের এলাকা বিজয় করার লক্ষ্যে অভিযান চালাচ্ছেন। ইতিমধ্যে মুরতাদ হুতী বিদ্রোহীদের নিয়ন্ত্রণাধীন কয়েকটি এলাকাও মুজাহিদগণ চতুর্দিক থেকে ঘেরাও করে রেখেছেন।

ইরান | মুশরিক সৈন্যদের সামরিক ব্যারাকে শহিদী হামলা চালিয়েছেন জাইশুল-আদল এর মুজাহিদিন

ইরান ভিত্তিক আল-কায়েদা মানহাযের জিহাদী গ্রুপ "জাইশুল আদল" এর জানবায মুজাহিদদের পৃথক দুটি সফল হামলায় কয়েক ডজন ইরানী মুশরিক সৈন্য নিহত ও আহত।

আস-সাবাত নিউজ এর বরাতে জানা গেছে, ১০ আগস্ট সোমবার ইরানের আহওয়াজ অঞ্চলের "জাহদান" শহরে অবস্থিত ইরানের মুশরিক সৈন্যদের একটি সামরিক ব্যারাকে শক্তিশালি বোমা হামলার ঘটনা ঘটেছে।

বিস্তারিত রিপোর্ট অনুযায়ী, আল-কায়েদা মানহাযের জিহাদী গ্রুপ "জাইশুল আদল" এর একজন জানবায মুজাহিদ মোটরবাইক নিয়ে ইরানের মুশরিক সৈন্যদের একটি সামরিক ব্যারাক টার্গেট করে সফল শহিদী হামলা চালিয়েছেন। এতে সামরিক ব্যারাকের বেশ কিছু স্থাপনা ধ্বসে পড়ে, যার ফলে সামরিক ব্যারাকে থাকা কয়েক ডজন ইরানী মুশরিক সৈন্য নিহত ও আহত হয়েছে।

এর আগে গত ৮ আগস্ট একই শহরে ইরানের মুশরিক সৈন্যদের একটি সামরিক টহলদলকে টার্গেট করে কয়েকটি সফল বোমা হামলা চালিয়েছেন "জাইশুল আদল" এর জানবায মুজাহিদিন, যার ফলে কতক মুশরিক সৈন্য নিহত ও আহত হয়েছিল।

মুসলিম কিশোরকে গুলি করে হত্যা সন্ত্রাসী বিএসএফের

ভারতীয় সীমান্ত বাহিনী বিএসএফ এক ভারতীয় মুসলিম কিশোরকে গুলিতে গুলি করে হত্যা করেছে। ঘটনাটি ঘটেছে ভারতের কোচবিহারের বালাভূতের, এর জেরে এখনো উত্তপ্ত ওই এলাকা। দফায় দফায় চলছে বিক্ষোভ।

কলকাতার সংবাদ প্রতিদিন জানায়, গরু পাচারকারী সন্দেহে ওই কিশোরকে লক্ষ্য করে গুলি চালায় বিএসএফ সন্ত্রাসীরা।

ঘটনার সূত্রপাত রোববার । বলা হচ্ছে, ওই দিন রাতে বাংলাদেশে পাচারের উদ্দেশ্যে প্রায় ৮০টি গরু কোচবিহারের তুফানগঞ্জের বালাভূত এলাকায় জড়ো করেছিল পাচারকারীরা। এমন খবর পেয়ে অভিযান চালায় বিএসএফের ৬২ নম্বর ব্যাটালিয়ন। তাদের লক্ষ্য করে বোমা মেরে পালিয়ে যায় পাচারকারীরা।

সেই সময় বাড়ির সামনেই ছিল শাহিনুর হক নামে ওই কিশোর। তাকে দেখতে পেয়েই এলোপাতাড়ি গুলি চালায় জওয়ানরা। রক্তাক্ত অবস্থায় ঘটনাস্থলে লুটিয়ে পড়ে শাহিনুর। ক্ষেপে যায় স্থানীয়রা। বিপদ বুঝে ঘটনাস্থল ছাড়ে জওয়ানরা।

সংবাদ প্রতিদিন আরও জানায়, এরপর খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ। তাদের ঘিরে বিক্ষোভ দেখাতে শুরু করে স্থানীয়রা। লাশ উদ্ধারেও বাধা দেয় উত্তেজিত জনতা। ঘটনাকে কেন্দ্র করে রণক্ষেত্রের চেহারা নেয় পুরো এলাকা।

স্থানীয়দের ভাষ্য, তাঁতের শাড়ি তৈরির কাজে যুক্ত ওই কিশোরকে অন্যায়ভাবে খুন করা হয়েছে। অভিযুক্ত জওয়ানদের শাস্তি দিতেই হবে। তবে এ বিষয়ে মন্তব্য করেনি বিএসএফ। নয়া দিগন্ত

অপরিকল্পিত খননে খালের পেটে সড়ক

বগুড়ার ধুনট উপজেলায় পানি উন্নয়ন বোর্ডের তত্ত্বাবধানে অপরিকল্পিত খননের কারণে খালের পেটে ধসে পড়ছে এলজিইডি নির্মিত সাড়ে চার কিলোমিটার পাকা সড়ক। এতে যোগাযোগ ব্যবস্থার চরম বিপর্যয় ঘটেছে। দুর্ভোগে পড়েছেন এলাকার কমপক্ষে অর্ধশত গ্রামের মানুষ।

এদিকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এবং পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা এলাকাবাসীর এই সমস্যার সমাধান করছেন না। তারা পাকা সড়ক নির্মাণ ও খাল খননের পক্ষে বিপক্ষে একে অপরকে দোষারোপ করছেন। সরকারি কর্মকর্তাদের উদাসীনতার স্বীকার হয়ে কয়েক হাজার মানুষের স্বাভাবিক চলাচল হুমকির মুখে পড়েছে।

সরেজমিন দেখা যায়, পেঁচিবাড়ি বাজার থেকে চাঁনদিয়াড় সেতু পর্যন্ত প্রায় চার কিলোমিটার সড়ক। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) তত্ত্বাবধানে ২০১১ সালে সড়কটি পাকা করা হয়। পরবর্তীতে একবার মেরামতও করা হয়েছে এই সড়কটি। সব মিলে ব্যায় হয়েছে কমপক্ষে দুই কোটি টাকা। সড়কটি নির্মাণের ফলে গ্রামীণ অর্থনীতি চাঙা হয়ে ওঠে।

এদিকে পেঁচিবাড়ি বাজার থেকে চাঁনদিয়াড় সেতু পর্যন্ত পাকা সড়কের গাঘেঁসে এঁকেবেঁকে বয়ে গেছে সরকারি একটি খাল। পানি উন্নয়ন বোর্ডের তত্ত্বাবধানে ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে খালটির পুনঃখননের কাজ শেষ করা হয়েছে। এতে ব্যায় হয়েছে ২ কোটি ৩৬ লাখ টাকা। বাঙালী নদী থেকে এই খাল দিয়ে একসময় পানি প্রবাহিত হয়েছে। কিন্ত আশির দশকে খালের উৎস মুখ পেঁচিবাড়ি নামক স্থানে বাঁধ নির্মাণ করা হয়। সেটি বর্তমানে পাকা সড়কে পরিণত হয়েছে।

একারণে দীর্ঘদিন ধরে বাঙালী নদী থেকে খালের ভেতরে পানি প্রবেশ করতে পারছে না। ফলে খালের পানি কমে গেছে। এছাড়া খালের পানিতে নেই কোনো স্রোত। তারপরও সাড়ে চার কিলোমিটার পাকা সড়কের শতাধিক স্থানে ভয়াবহ ভাঙন দেখা দিয়েছে।

এলাকাবাসী জানান, পানিপ্রবাহ বন্ধ হওয়ায় খালটি মরা খালে পরিণত হয়। এই খাল মানুষের কোনো কাজে আসেনি। এই খালটি অপরিকল্পিতভাবে পুনঃখনন করা হয়। অনেক জায়গায় খাড়াভাবে খাল খনন করায় ধসে পড়ছে পাড়ের মাটি। ভাঙনের মুখে পড়েছে খালের পাড়ের বসতি। একই সাথে একটু একটু করে পাকা সড়ক

ভেঙে খালের পেটে বিলীন হচ্ছে। এতে যোগাযোগ ব্যবস্থার চরম বিপর্যয় ঘটেছে। এই খালটি খনন করার পর তা মানুষের কোনো উপকারে আসছে না, উল্টো খাল কেটে বিপদ ডেকে এনেছে।

এবিষয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) ধুনট উপজেলা প্রকৌশলী জহুরুল ইসলাম বলেন, এই খালটি পুনঃখননের আগে পাকা সড়কটি টিকে ছিল। কিন্ত অপরিকল্পিত ভাবে খননের পর পাকা সড়ক ধসে খালে পড়ছে। খাল খনন করতে গিয়ে পাকা সড়কের পাশে পর্যাপ্ত জায়গা রাখা হয়নি। একারণে পাকা সড়কটি রক্ষা করা যাচ্ছে না। খাল খননের সময় এবিষয়টি নিয়ে পাউবোর কর্মকর্তাদের সাথে একাধিক বার যোগাযোগ করে কোনো কাজ হয়নি। তবে পাকা সড়কটি মেরামত করা হবে।

খাল খননের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বগুড়া পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) উপসহকারী প্রকৌশলী রফিকুল হক বলেন, পারিকল্পনা অনুযায়ী জনস্বার্থে খালটি পুনঃখনন করা হয়েছে। খাল খনন করে সেই মাটি পাকা সড়কের ঢালুতে (স্লোপ) ফেলে সড়কটি টিকসই করা হয়েছিল। কিন্ত বর্ষাকালে সড়কের পাশে বাড়ির পানি গড়ে পাকা সড়কের বিভিন্ন স্থানে ভেঙে খালে পড়ছে। কালের কণ্ঠ

আবর্জনার দুর্গন্ধে অতিষ্ঠে নাক চেপে ২ মিনিট

মাছ, মুরগির নাড়িভুঁড়ি, নষ্ট সবজি, বিভিন্ন ধরনের পচা ফল, হোটেলের যাবতীয় বর্জ্যসহ সব ময়লা-আবর্জনা ফেলা হচ্ছে সড়কঘেঁষে। এ থেকে উৎকট গন্ধ ছড়াচ্ছে চারদিকে। ফলে সড়কের পাশ দিয়ে পথচারী ও স্থানীয়রা হাঁটার সময় প্রায় ২ মিনিট নাক চেপে ধরে নিঃশ্বাস বন্ধ করে তড়িঘড়ি করে চলাচল করছে। বগুড়ার আদমদীঘির সান্তাহার পৌর শহরের হেমুতখালি নামক জায়গায় এ চিত্র দেখা যায়। সড়কের পাশে রাখা এসব আবর্জনায় পরিবেশ দূষণের পাশাপাশি দুর্গন্ধে অতিষ্ঠ পথচারী ও স্থানীয়রা।

আক্কেলপুরের জাফরপুর, তিলকপুর, ছাতিয়ান গ্রামসহ বিভিন্ন এলাকার অসংখ্য যানবাহন চলাচল ও পথচারী এ সড়ক দিয়ে সান্তাহার পৌর শহরে চলাচল করছে। পৌর শহরে প্রবেশপথে এ রকম চিত্র দেখে বিরক্ত সকলেই। মাস্ক পরা পথচারীরাও ময়লা-আবর্জনার গন্ধে নাক চেপে ওই স্থান অতিক্রম করছেন। কেউ কেউ আবার নিজের পরনের কাপড়ের একাংশ নাকে চেপে ধরছেন। তবে আবর্জনা অন্য স্থানে সরিয়ে নিতে স্থানীয়রা দাবি জানালেও কার্যকর কোনো পদক্ষেপ গ্রহণ করেনি পৌর কর্তৃপক্ষ।

পথচারী আমিনুল ইসলাম সুমন হোসন বলেন, এসব ময়লা-আবর্জনার গন্ধ বাতাসে ভেসে আসে প্রায় এক কিলোমিটার পর্যন্ত। যত্রতত্র ময়লা ফেলার কারণে কুকুর ও শেয়াল এসব আবর্জনা টেনে আনছে সড়কের ওপর। ফলে সেখানে চলাচল অত্যন্ত কষ্টসাধ্য হয়ে পড়ছে। শুধু সুমনই নয় এমন অভিযোগ ছাতিয়ান গ্রামের আলাউদ্দীন সরকার, সান্তাহারের জনি, শ্যমপুরের কাপড় ব্যবসায়ী ইসমাইল হোসেন ও রজিবেরও। কালের কণ্ঠ

১০ই আগস্ট, ২০২০

সোমালিয়া | রাজধানীতে মুজাহিদদের শহিদী হামলায় ৫৬ এরও অধিক মুরতাদ সৈন্য নিহত-আহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ার রাজধানীতে একটি শহিদী হামলা চালিয়েছেন আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন, এতে ২৪ এরও অধিক মুরতাদ সৈন্য নিহত এবং ৩২ এরও অধিক আহত হয়েছে।

শাহাদাহ্ নিউজ কর্তৃক প্রকাশিত এক রিপোর্টে বলা হয়েছে, গত ৮ আগস্ট শনিবার সোমালিয়ার রাজধানী মোগাদিশুর "ওয়ার্দাকলী" জেলায় অবস্থিত সোমালিয় মুরতাদ সরকারি বাহিনীর ২৭তম ব্রিগেডকে লক্ষ্য করে একটি সফল শহিদী অভিযান পরিচালনা করেছেন আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন। মুজাহিদদের এই সফল অভিযানে সোমালিয় মুরতাদ সারকারি বাহিনীর ২৪ এরও অধিক সৈন্য নিহত এবং ৩২ এরও অধিক মুরতাদ সৈন্য আহত হয়েছে, যা ছিল এই সফল অভিযানের প্রাথমিক ফলাফল।

এদিকে পত্যক্ষদর্শীরা জানান যে, হারাকাতুশ শাবাব এর পক্ষ হতে পরিচালিত উক্ত বিস্ফোরণের ফলে অন্ধকারাচ্ছন্ন হয়ে পড়েছিল ঘটনাস্থলটি, আকাশে দিকে উঠতে থাকে ধোঁয়ার কুন্ডোলী। এসময় কত সৈন্য নিহত ও আহত হয়েছে তা বুঝাটা ছিল অনেকটাই দুষ্কর। এই শক্তিশালি বিস্ফোরণ থেকে বেঁচে যাওয়া সৈন্যদেরকে দেখা যায় এদিক সেদিক ফাঁকা ফাঁকা গুলি ছুড়তে ছুড়তে পলায়ন করছে। এর কিছুক্ষণ পরেই সেখানে আসে কয়েকটি অ্যাম্বুলেন্স, আমরা কাছে দৌড়িয়ে গিয়ে দেখি একের পর এক রক্তক (মুরতাদ) সৈন্যদের দেহগুলো অ্যাম্বুলেন্সে তুলছে উদ্ধারকর্মীরা। তারা সবাই মারা গেছে বা আহত হয়েছে কিনা তা আমরা জানিনা।

আল-শাবাব যোদ্ধারা পশ্চিমা সমর্থিত মুরতাদ সোমালিয় বাহিনী টার্গেট করেই রাজধানীতে এই অভিযানটি পরিচালনা করেছেন। যাতে ধ্বংস হয়েছে সোমালিয় মুরতাদ বাহিনীর অস্ত্র বহনকারী ২টি সামরিকযান, ১টি অ্যান্টি-অস্ত্রবাহী ট্রাক। পাশাপাশি ২টি সামরিক গাড়িও ধ্বংস হয়েছে এবং সামরিক বেসটি প্রায় সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে।

পাকিস্তান | তেহরিক-ই-তালিবান পাকিস্তানে যোগ দিয়েছে "লস্কর-ই-জাঙ্গভির"

পবিত্র ঈদুল আযহার পরপরই মুসলিম উম্মাহর জন্য আরো একটি সুসংবাদ বার্তা দিল তেহরিক-ই-তালিবান পাকিস্তান।

পাকিস্তানের শীর্ষস্থানীয় জিহাদি গোষ্ঠী "তেহরিক-ই-তালিবান পাকিস্তান"এর কেন্দ্রীয় মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ ঈদুল আযহার পরপরই গত ৬ আগস্ট মুসলিম উম্মাহকে আরো একটি সুসংবাদ জানিয়েছেন।

তিনি তাঁর উক্ত বার্তায় জানিয়েছেন যে, আমির উসমান সাইফুল্লাহ্ কুর্দি শহিদ (রহ.) এর জিহাদী গ্রুপ "লস্কর-ই-জাঙ্গভির", যেই গ্রুপটি বর্তমানে মৌলভী খুশ মুহাম্মদ সিন্ধি (হাফিজাহুল্লাহ্) এর নেতৃত্বে কাজ করছিল। আলহামদুলিল্লাহ্ তিনি তাঁর সকল সাথীদের নিয়ে "তেহরিক-ই-তালিবান পাকিস্তানে" যোগ দিয়েছেন এবং টিটিপির আমির মুফতী নূর ওলি ওরফে আবু মনসুর অসীম হাফিজুল্লাহর প্রতি আনুগত্যের প্রতিশ্রুতি দিয়েছেন। তিনি ও তাঁর গ্রুপ (লস্কর-ই-জাঙ্গভির) টিটিপির ব্যানারে পাকিস্তানে ইসলামিক ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য এক সাথে কাজ করার প্রতিশ্রুতিও দিয়েছেন।

এটি স্মরণীয় যে, মৌলভী খুশ মোহাম্মদ সিন্ধি (হাফিজাহুল্লাহ্) হরকাত-ই-জিহাদ ইসলামিক এর "সিন্ধ" প্রদেশের আমিরও ছিলেন।

পাকিস্তান | টিটিপির জানবায মুজাহিদদের মাইন হামলায় ২ মুরতাদ সৈন্য নিহত

পাকিস্তান ভিত্তিক অন্যতম জিহাদী তানযিম "তেহরিক-ই-তালেবান পাকিস্তান" (টিটিপি) এর জানবায মুজাহিদিন এর মাইন হামলায় এক নাপাক সৈন্য নিহত এবং অন্য এক সৈন্য আহত হয়েছে।

তেহরিক-ই-তালেবান পাকিস্তান এর কেন্দ্রীয় মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ জানিয়েছেন, গত ৬ আগস্ট পাকিস্তানের উত্তর ওয়াজিরিস্তানের বুর্কায়ী সীমান্ত এলাকায় শরিয়াতের দুশমন পাকিস্তানী মুরতাদ বাহিনীকে টার্গেট করে একটি সফল মাইন হামলা চালিয়েছেন, যার ফলে পাকিস্তানী মুরতাদ বাহিনীর ১ সৈন্য নিহত এবং ২য় এক সৈন্য আহত হয়েছে। আলহামদুলিল্লাহ্।

বাড়ি দখল করে নিয়েছে ইহুদিরা, পাহাড়ের গুহায় বসবাস করছে ফিলিস্তিনের মুসলিমরা

দখলদার রাষ্ট্র ইসরাইলের সন্ত্রাসী সেনাবাহিনী বাড়িঘর ভেঙে জায়গা দখল করে নিয়েছে। ফলে জীবনের ঝুঁকি নিয়ে পাহাড়ের গুহার বসবাস করছে অনেক ফিলিস্তিনি মুসলিমরা।

তাদের মধ্যে মনজের আবু আররাম একজন। তিনি গতো এক বছর ধরে চার সন্তান ও স্ত্রীকে নিয়ে পশ্চিম তীরে একটি পাহাড়ের গুহায় জীবনের ঝুঁকি নিয়ে বসবাস করছে।নতুন করে বাড়ি তৈরির অনুমতিও পাচ্ছেনা তিনি। এই জন্যে নিরুপায় হয়ে পাহাড়ের গুহায় বসবাস করছেন তারা।

৪৮ বছর বয়সী চার সন্তানের পিতা আবু আররাম বলেন, "এখানে খাবার পানি ও বিদ্যুতের সুবিধা নেই।খুব কঠিন পরিস্থিতিতে জীবনযাপন করছি। "

তিনি কান্না জড়িত কণ্ঠে আরো বলেন, “ইসরাইলের সন্ত্রাসীরা আমার বাড়ি পূণঃনির্মাণের অনুমতি দিতে অস্বীকার করেছে।সবসময় ভয় ও আতংকের মধ্যে বেঁচে আছি।আমার সন্তানরা যেকোন সময় সাপ-বিচ্ছুর দংশনের শিকার হতে পারে।

অপরদিকে, সামিরা আল জাবরিনের পরিবার হেব্রনের একটি পাহাড়ি গুহায় বসবাস করেন।বুলডোজার দিয়ে তার বাড়িটি তিনবার ভাঙা হয়েছিল।তিনি বলেন, বাড়িতে অবস্থানকালে প্রতিনিয়ত ইহুদিদের হামলার শিকার হতে হয়েছে।

এমন অসংখ্য মুসলিম পরিবার রয়েছেন যারা সন্ত্রাসী ইসরাইলের বর্বরতায় মানবেতর জীবনযাপন করছেন।

সূত্র :ইনসাফ টোয়েন্টিফোর ডটকম।

০৯ই আগস্ট, ২০২০

ইয়ামান | মুজাহিদদের হামলায় ৬ এরও অধিক মুরতাদ সৈন্য নিহত

আল-কায়েদা আরব উপদ্বীপ ভিত্তিক শাখা "আনসারুশ শরিয়াহ্" (একিউএপি) এর জানবায মুজাহিদদের পৃথক হামলায় কমপক্ষে ৬ হুতী ও হাদী বাহিনীর মুরতাদ সদস্য নিহত হয়েছে। আহত হয়েছে আরো অনেক। সূত্র: আস-সাবাত ও বাসায়ের মিডিয়া

বিস্তারিত রিপোর্ট থেকে জানা গেছে, গত ৫ আগস্ট "একিউএপি" এর জানবায মুজাহিদিন ইয়ামানের "রাদা'আ" রাজ্যে ইরানের মদদপোস্ট মুরতাদ শিয়া হুতী বিদ্রোহীদের টার্গেট করে সফল স্নাইপার হামলা চালিয়েছেন। যার ফলে মুরতাদ হুতী বিদ্রোহীদের ১ সৈন্য ঘটনাস্থলেই নিহত হয়েছিল।

এরপর গত ৬ আগস্ট ইয়ামানের আবয়ান রাজ্যে সৌদি সমর্থিত মুরতাদ হাদী বাহিনীর অবস্থানে সফল হামলা চালান "একিউএপি" এর জানবায মুজাহিদিন। এতে দুই মুরতাদ সৈন্য নিহত হয়েছিল। আহত হয়েছিল আরো কতক মুরতাদ সৈন্য।

একইদিনে দক্ষিণ ইয়ামানের "আল-জাওফ" অঞ্চলে অন্য একটি সফল হামলা চালান "একিউএপি" এর মুজাহিদিন। যার ফলে মুরতাদ হাদী বাহিনীর ২ সৈন্য নিহত এবং তৃতীয় এক সৈন্য আহত হয়েছিল।

মালি | রাজধানীতে মুরতাদ বাহিনীর একটি নাইটক্লাবে আল-কায়েদা মুজাহিদদের হামলা, হতাহত অনেক

পশ্চিম আফ্রিকার দেশ মালিতে দেশটির মুরতাদ সামরিক বাহিনীর একটি নাইটক্লাবে হামলা চালিয়েছেন আল-কায়েদা শাখা জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন। এতে মুরতাদ বাহিনীর অনেক সৈন্য নিহত ও আহত হয়েছে।

আস-সাবাত সংবাদ মাধ্যম দেশটির সামরিক বাহিনীর বরাত দিয়ে জানিয়েছে, গত ৫ আগস্ট রাজধানী বামকোর উপকণ্ঠে মুরতাদ সরকারের নিয়ন্ত্রণাধীন একটি নাইটক্লাবে আক্রমণ করেছিল আল-কায়েদা মুজাহিদিন। মুজাহিদীনরা হামলা চালিয়ে জায়গাটি পুরোপুরি ধ্বংস করে দিয়েছিলেন। এতে থাকা সকল প্রকার সরঞ্জামাদি ধ্বংস করে দিয়েছিলেন মুজাহিদগণ। এসময় মুজাহিদদের হামলায় নিহত ও আহত হয় অনেক মুরতাদ সৈন্য।

সোমালিয়া | বিনাযুদ্ধেই শহরের উপর পূর্ণ নিয়ন্ত্রণ নিলেন আল-কায়েদা মুজাহিদিন

আল-কায়েদা পূর্ব আফ্রিকা ভিত্তিক শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন কোন যুদ্ধ ছাড়াই বাই-বকুল রাজ্যের একটি শহর বিজয় করে নিয়েছেন।

শাহাদাহ্ নিউজ এর বরাতে জানা গেছে, গত ৬ আগস্ট হারাকাতুশ শাবাব মুজাহিদিন দক্ষিণ-পশ্চিম সোমালিয়ায় বাই-বকুল রাজ্যের জোজদুদ-বুরী শহরে অভিযান পরিচালনার লক্ষ্যে যাত্রা শুরু করেছিলেন। এদিকে সোমালিয় মুরতাদ সরকারি বাহিনী মুজাহিদদের আগমনের এই সংবাদ পেয়েই শহর ছেড়ে পলায়ন করে। যার ফলে কোন যুদ্ধ ছাড়াই মুজাহিদগণ শহরটির উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে স্বক্ষম হয়েছিলেন।

মূলত এর একদিন আগে হারাকাতুশ শাবাব মুজাহিদগণ তীব্র হামলা চালিয়ে বিজয় করে নিয়েছিলেন একই রাজ্যের দাইনুনাই শহরের প্রধান সামরিক ঘাঁটি, এই ঘাঁটি বিজয়ের পরেই মুজাহিদগণ জোজদুদ-বুরী শহরে দিকে অগ্রসর হতে শুরু করেন, আর এই সংবাদ পেয়েই মুরতাদ বাহিনী জোজদুদ-বুরী শহর ছেড়ে পলায়ন করেছে।

আফ্রিকা | পশ্চিম আফ্রিকার দেশগুলোতে নিয়ন্ত্রণ বাড়াচ্ছে আল-কায়েদা- আফ্রিকোম

আফ্রিকায় ক্রুসেডার আমেরিকার নেতৃত্বাধীন আফ্রিকোম জোট গত ৬ আগস্ট তাদের প্রকাশিত এক রিপোর্টে দাবি করেছে যে, আল কায়েদা শাখাগুলি ধীরে ধীরে পশ্চিম আফ্রিকার দেশগুলোতে নিজেদের নিয়ন্ত্রণ বৃদ্ধি করেই চলছে।

"আফ্রিকোম" আরো দাবি করছে যে, আল-কায়েদা শাখাগুলো ইতিমধ্যে মালি, বুর্কিনা ফাসো,শাদ, মুর্তানিয়া, গানা, সাহলুল আ'য, নাইজার, নাইজেরিয়া, বুনাই ও আল-জাযায়েরের বিস্তীর্ণ এলাকার উপর নিয়ন্ত্রণ নেওয়ার পর এখন উপসাগরের সাথে সীমাবদ্ধ দেশগুলির দিকে এবং পশ্চিমে সেনেগাল এর দিকে এগিয়ে যাচ্ছে।

মার্কিন নেতৃত্বাধীন জোট বলছে যে, "আমরা প্রতিনিয়ত তাদের নিরীক্ষণ করছি এবং তাদের গতিবিধি পর্যবেক্ষণ করছি।" বর্তমানে এই অঞ্চলে আল-কায়েদাকে পতিহত করতে হলে এখানে আরো সামরিক শক্তি বৃদ্ধি করতে হবে।

উল্লেখ্য যে, এসকল দেশগুলোর কিছু কিছু স্থানে "আইএসের" অবস্থানও বর্তমানে পরিলক্ষিত হচ্ছে, তারা কুফ্ফার বাহিনীর চেয়ে বেসামরিক নাগরিক ও আল-কায়েদা মুজাহিদদের নিয়ন্ত্রিত এলাকাতেই হামলা চালাতে বেশি আগ্রহী। যেমনটি ইতিপূর্বে তারা শাম, ইয়ামান, লিবিয়া ও আফগানিস্তানে করেছিল। আর এসকল কারণে আল-কায়েদা মুজাহিদিনও আইএসদের গোপন স্থাপনাগুলোতে হামলা চালিয়ে তা গুড়িয়ে দিতে বাধ্য হচ্ছেন। আলহামদুলিল্লাহ্, মুজাহিদগণ গত ১৭ দিনে বুর্কিনা-ফাসো ও মালিতে আইএসদের উপর হামলা চালিয়ে তাদের অধিকাংশ গোপন স্থাপনাগুলো গুড়িয়ে দিতে সক্ষম হয়েছেন।

এদিকে বর্তমানে আফ্রিকার দেশগুলোর মধ্যে "নাইজেরিয়া"তে মজবুত অবস্থানে রয়েছে আইএস সদস্যরা। দীর্ঘ ৫ বছর নাইজেরিয়াতে আল-কায়েদার কার্যক্রম স্থগিত থাকলেও গত বছরের শেষদিকে নাইজেরিয়াতে নতুন করে অভিযান পরিচালনা করতে শুরু করেছেন আল-কায়েদা মুজাহিদিন। আলহামদুলিল্লাহ্, বর্তমানে আল-কায়েদা মুজাহিদগণ নাইজেরিয়ার বেশ বিছু অঞ্চল নিয়ন্ত্রণ নিয়ে সেখানে নিজেদের অবস্থান মজবুত করে যাচ্ছেন।

ভারতে ‘জয় শ্রীরাম’ ও ‘মোদি জিন্দাবাদ’ না বলায় মুসলিম বৃদ্ধকে হিন্দুত্ববাদী সন্ত্রাসীদের মারধর

ভারতের রাজস্থানে ‘জয় শ্রী রাম’ ও ‘মোদি জিন্দাবাদ’ না বলায় এক মুসলিম অটো চালককে বেধড়ক মারধর করেছে হিন্দুত্ববাদী সন্ত্রাসীরা ।

গফফার আহমেদ কাছওয়া (৫২) নামে ওই অটোচালকের কাছে থেকে নগদ ৭০০ টাকা ও হাত ঘড়িও ছিনিয়ে নেয়া হয়েছে।

শনিবার ভারতীয় গণমাধ্যমে প্রকাশ, শুক্রবার রাজস্থান রাজ্যের সিকার জেলার ওই ঘটনায় অভিযুক্ত শম্ভুদয়াল জাট (৩৫) এবং রাজেন্দ্র জাট (৩০) নামে দু’জনকে আটক করা হয়েছে।

ক্ষতিগ্রস্ত অটো চালক গফফার আহমেদ কাছওয়া বলেন, মারধরের ফলে তার দাঁত ভেঙে গেছে এবং মুখ ও চোখে আঘাত লেগেছে। তাকে পাকিস্তানে পাঠিয়ে দেওয়ার হুমকি দেয়া হয় বলেও অভিযোগ।

অভিযোগপত্রে ক্ষতিগ্রস্ত অটো চালক গফফার আহমেদ জানান, এক ব্যক্তি তাকে ‘মোদি জিন্দাবাদ’ ধ্বনি দিতে বলতে বলেন। তিনি তা অস্বীকার করলে তাকে সজোরে চড় মারা হয়। এরপরেই তিনি গাড়ি নিয়ে সিকারের দিকে পালানোর চেষ্টা করেন। কিন্তু তারা গাড়ি অনুসরণ করে জগমালপুরার কাছে তাকে আটকায়।

তিনি বলেন, এসময় জোর করে আমাকে গাড়ি থেকে নামিয়ে বেধড়ক মারধর করা হয় এবং তারা আমাকে জোর করে ‘মোদি জিন্দাবাদ’ ও ‘জয় শ্রী রাম’ ধ্বনি দিতে বলে। মারধরের পাশাপাশি তাকে পাকিস্তানে পাঠানোর হুমকি দেয়া হয় বলে তিনি জানান।

এ প্রসঙ্গে পশ্চিমবঙ্গের দেওয়ান আব্দুল গণি কলেজের বিশিষ্ট অধ্যাপক ও সমাজকর্মী ড. মুহাম্মাদ ইসমাইল শনিবার বলেন, ‘ভারতে যাদের ‘জয় শ্রীরাম’ ধ্বনি দেয়ার কথা নয়, যারা মনেপ্রাণে চায় না তা বলতে, তাদেরকে জোর করে বলানো হচ্ছে, বিশেষ করে মুসলিম সম্প্রদায়ের মানুষজনকে। এখন আবার নতুন করে গত ৫ আগস্ট রাম মন্দিরের ভিত্তিপ্রস্তর স্থাপনের মধ্যদিয়ে বিজেপি আরো একটা চেষ্টা করতে চাচ্ছে, সমান্তরালভাবে শ্রী রামের পাশাপাশি মোদিকেও আদর্শ হিসেবে উপস্থাপন করতে চাচ্ছে। তাদের প্রথম ও দ্বিতীয় মেয়াদে এপর্যন্ত গঠনমূলক কাজকর্ম দেখলে স্পষ্ট হবে, বর্তমানে ভারতের অর্থনৈতিক দুরবস্থা, বেকারত্ব ও অন্যান্য সমস্যা বেড়েছে।’

তিনি আরো বলেন, ‘ওরা ধর্মকে কেন্দ্র করে একটা শাসন ব্যবস্থা গড়ে তোলার চেষ্টা করছে। যার মধ্য দিয়ে অশিক্ষিত মানুষজনকে মগজ ধোলাই করে তারা ক্ষমতায় টিকে থাকতে চাচ্ছে। এটাই ওদের মূল উদ্দেশ্য এবং এটা অবশ্যই নিন্দনীয়। কারণ জোর করে কাউকে ‘জয় শ্রীরাম’ও বলানো যায় না, আর মোদির নামে ধ্বনিও দেয়ানো যায় না। শাসকশ্রেণির প্রশ্রয়ে এসব যুবক এবং বিভিন্ন হিন্দুত্ববাদী সংগঠন উদ্দেশ্যপ্রণোদিতভাবে এসব কাজকর্ম করাচ্ছে।’

আমরা বরাবরই এসবের নিন্দা জানিয়েছি এবং সমস্ত শুভবুদ্ধি সম্পন্ন মানুষ এসব ঘটনার নিন্দা জানাবে বলেও অধ্যাপক ও সমাজকর্মী ড. মুহাম্মাদ ইসমাইল মন্তব্য করেন।

'বিস্ফোরণ নয়, বোমা বা ক্ষেপণাস্ত্র হামলা চালানো হয়েছিল লেবাননের রাজধানী বৈরুতে'

লেবাননের ভয়াবহ বিস্ফোরণ নিছক কোনো দুর্ঘটনা নয়, একটি পরিকল্পিত হামলা। বোমা কিংবা ক্ষেপণাস্ত্র হামলার মাধ্যমে ওই ভয়াবহ বিস্ফোরণ ঘটানো হয়েছে। এমন আশঙ্কা দেশটির প্রেসিডেন্ট মিশেল আউনের।

বিস্ফোরণের চার দিন পর শুক্রবার বৈরুতে নিজ কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ সন্দেহের কথা তুলে ধরেন আউন।

তিনি বলেন, শস্যভাণ্ডার ধ্বংসের কারণ এখনও জানা যায়নি। তবে এতে বাইরের কোনো দেশের সম্পৃক্ততা থাকতে পারে।

বাইরে থেকে রকেট হামলা, বোমা অথবা অন্য কোনো মাধ্যমে গুদামঘরে হামলা হয়ে থাকতে পারে বলেও মন্তব্য করেন লেবানিজ প্রেসিডেন্ট।

শুক্রবার ফরাসি প্রেসিডেন্ট অ্যামেনুয়েল ম্যাক্রন লেবানন সফরে গেলে প্রেসিডেন্ট মিশেল আউন তার কাছে বিস্ফোরণের সময়কার স্যাটেলাইটে ধারণ করা ছবি দিয়ে তদন্ত কাজে সহযোগিতার আহ্বান জানান।

লেবাননের রাজধানী বৈরুতে ভয়াবহ বিস্ফোরণের ঘটনায় বিদেশি ষড়যন্ত্র খতিয়ে দেখতে চায় দেশটির সরকার।

বিস্ফোরণের নেপথ্যে বিদেশি ষড়যন্ত্র ও যোগসাজশ থাকতে পারে বলে মনে করছেন দেশটির প্রেসিডেন্ট মিশেল আউন। তদন্তে এই বিষয়টিই খতিয়ে দেখা হবে বলে জানিয়েছেন তিনি।

মঙ্গলবার বিস্ফোরণের ঘটনায় প্রেসিডেন্ট বলেন, তিনভাবে তদন্ত চলছে, প্রথমত বিস্ফোরক উপাদান কীভাবে গুদামঘরে ঢুকল এবং সংরক্ষণ কীভাবে করা হয়েছিল।

দ্বিতীয়ত, বিস্ফোরণটি দুর্ঘটনাবশত অথবা অবহেলার কারণে হয়েছে কিনা সেটিও খতিয়ে দেখা হচ্ছে। সবশেষ এতে বাইরের কোনো সংশ্লিষ্টতা থাকতে পারে বলেও মনে করেন তিনি। তবে তদন্তের মাধ্যমে দ্রুত প্রকৃত কারণ বেরিয়ে আসবে বলে আশাবাদী লেবাননের প্রেসিডেন্ট।

লেবানন থেকে সাইপ্রাসের দূরত্ব ১৮০ কিলোমিটার হলেও বিস্ফোরণের ঘটনায় কেঁপে ওঠে দ্বীপ রাষ্ট্রটি। আতঙ্ক ছড়িয়ে পড়ে সে দেশের জনগণের মধ্যে। অনেকেই ভেবেছিলেন তাদের আশপাশের কোথাও বিস্ফোরণ ঘটেছে।

এ ঘটনায় এখন পর্যন্ত ১৫৭ জন নিহতের খবর পাওয়া গেছে। ধ্বংসস্তূপের মধ্যে আরও মরদেহ থাকতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

সূত্র :ইনসাফ টোয়েন্টিফোর ডটকম।

ওসি প্রদীপের অঢেল সম্পদ ॥ দেশে-বিদেশে বিলাসবহুল বাড়ির খোঁজে গোয়েন্দারা

মাদক বিরোধী অভিযানের নামে কক্সবাজারে ত্রাসের রাজত্ব কায়েম টেকনাফ থানার ওসি প্রদীপ কুমার দাশ। মাদক বিরোধী অভিযানের নামে মানুষের কাছ থেকে মোটা অংকের টাকা আদায়ের উদ্দেশ্যে শুরু করে বন্দুকযুদ্ধ প্রতিযোগিতা। আইনশৃঙ্খলা বাহিনীর তথ্যমতে-দেশে সবচেয়ে বেশি বন্দুকযুদ্ধে নিহতের ঘটনা ঘটেছে টেকনাফে। আর এই নৃশংস ঘটনার মূল হোতা প্রদীপ কুমার দাশ। চাহিদা মতো টাকা না দিলে লোকজনকে ধরে এনে বন্দুকযুদ্ধের নামে হত্যা করা হতো। এছাড়াও অনেক রোহিঙ্গাকে বন্দুকযুদ্ধে হত্যা করে এলাকায় আতঙ্ক সৃষ্টি করে অপকর্ম চালিয়ে যেতেন সদ্য প্রত্যাহার ও গ্রেফতার হওয়া ওসি প্রদীপ। আর বন্দুকযুদ্ধের আড়ালে তিনি গড়ে তুলেছেন সম্পদের পাহাড়। সর্বশেষ ঈদুল আযহার আগের দিন ৩১ জুলাই সেনাবাহিনীর সাবেক মেজর সিনহা মোহাম্মদ রাশেদ খানকে টেকনাফের বাহারছড়া চেকপোস্টে গুলী করে হত্যার মামলায় গ্রেফতার হয়েছেন প্রদীপ কুমার, পরিদর্শক লিয়াকত আলীসহ ৭ পুলিশ সদস্য। এই নয় পুলিশের বিরুদ্ধে করা হত্যা মামলায়

ওসিসহ অন্যান্য পুলিশ সদস্যরা বর্তমানে র‌্যাব-১৫ এর হেফাজতে ৭ দিনের রিমান্ডে আছেন। আরও দুই জনের বিরুদ্ধে পরোয়ানা জারি করেছেন আদালত। পাশাপাশি ওসি প্রদীপ কুমার ও তার স্ত্রীর সম্পদের অনুসন্ধান শুরু করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

সাবেক মেজর সিনহাকে গুলী করে হত্যার অভিযোগ এনে এ ঘটনা আইনশৃঙ্খরা বাহিনীর পাশাপাশি তদন্ত করছে একাধিক গোয়েন্দা সংস্থা। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদফতরের (ডিজিএফআই) গোপন তদন্ত প্রতিবেদনে স্থানীয় টেকনাফ থানা পুলিশের বিরুদ্ধে সন্দেহভাজন অপরাধীদের বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের অভিযোগ আনা হয়েছে। এতে ইঙ্গিত দেওয়া হয়েছে যে, হত্যার প্রতিযোগিতায় লিপ্ত থাকা পুলিশ একজন অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তাকে হত্যায়ও কোনরূপ দ্বিধা করেনি। একটি গোয়েন্দা সংস্থার তদন্তে জানাগেছে, থানার ওসির নির্দেশ ছাড়া কোন অফিসার গুলী চালাতে পারে না। সিনহাকে গুলী করার ঘটনার প্রতক্ষ্যদর্শী বিবরণ থেকে গোয়েন্দারা নিশ্চিত হয়েছেন। গুলী করার আগে এসআই লিয়াকত তার মোবাইল ফোন থেকে ওসি প্রদীপের সাথে কথা বলে তার নির্দেশেই সাবেক সেনা কর্মকর্তা সিনহা মোহাম্মদ রাশেদ খানকে গাড়ি থেকে নামিয়ে কোন কথা বলতে না দিয়েই সরাসরি বুকে পর পর গুলী করেন।

জানা গেছে, ২০১৮ সালের ১৯ অক্টোবর ওসি প্রদীপ কুমার টেকনাফ থানায় যোগদান করেন। এর পর থেকে গত ২২ মাসে শুধু টেকনাফে ১৪৪টি কথিত বন্দুক যুদ্ধের ঘটনা ঘটেছে। আর এসব বন্দুকযুদ্ধের নামে ওসি প্রদীপ কুমার ২০৪ জনকে গুলী করে হত্যা করেছে। তাদের অর্ধেকের বেশি লাশ পড়েছিল মেরিন ড্রাইভে। যারা তার হাতে মারা গেছে, তাদের পরিবারগুলোও বর্তমানে নিঃস্ব হয়ে গেছে। যাকে ক্রসফায়ার করা হতো, তাকে ক্রসফায়ারের আগে অন্তত ১০ থেকে ১২ দিন থানা হাজতে রাখা হতো। এমন ঘটনাও রয়েছে মাসের পর মাস হাজতেই রাখা হয়েছে। এই সময়ের মধ্যে থানা হাজতে থাকা ব্যক্তির পরিবার পরিজনের কাছ থেকে ক্রসফায়ার না দেওয়ার আশ্বাস দিয়ে আদায় করা হতো লক্ষ লক্ষ টাকা। পাশাপাশি স্বর্ণালংকার। কিন্তু শেষ সম্বল পর্যন্ত প্রদীপের হাতে তুলে দিয়েও বাঁচতে পারেনি অনেকেই। গত এক বছরে কক্সবাজারে ৫৩ রোহিঙ্গা বন্দুকযুদ্ধে নিহত হয়েছেন। যাদের ইয়াবা কারবারী বলে পুলিশ উল্লেখ করেছে। টেকনাফ থানার বহুল আলোচিত ওসি প্রদীপ কুমার দাশ ২০১৯ সালে পুলিশের সর্বোচ্চ পদক ‘বাংলাদেশ পুলিশ পদক’ বা বিপিএম পেয়েছিলেন। পদক পাওয়ার জন্য তিনি পুলিশ সদর দফতরে ছয়টি কৃতিত্বপূর্ণ অবদানের কথা উল্লেখ করেন। সব কটি ঘটনাতেই আসামী নিহত হন। প্রদীপ কুমার দাশ প্রায় ২২ বছরের চাকরিজীবনে ঘুরেফিরে বেশির ভাগ সময় কাটিয়েছেন চট্টগ্রাম অঞ্চলে।

ওসি প্রদীপ গ্রেফতার হওয়ার পর মুখ খোলতে শুরু করেছেন ভুক্তভুগীরা। তারা ওসির অপকর্মের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছেন। মাদক নির্মূলের নামে বন্দুকযুদ্ধে লোকজনকে জিম্মি করে টাকা আদায়, এমনকি ধর্ষণে সহায়তার অভিযোগও উঠছে তার বিরুদ্ধে। প্রদীপের দানবীয় কর্মকান্ড থেকে রক্ষা পায়নি বোনের জায়গাও! অভিযোগ উঠেছে, অনৈতিক কর্মকান্ডে প্রত্যক্ষ ও পরোক্ষ সমর্থন দিয়ে প্রদীপ আয় করেছেন শত শত কোটি টাকা। দেশ-বিদেশে গড়েছেন সম্পদের পাহাড়। একাধিক সূত্রে জানা গেছে, কক্সবাজারের টেকনাফ থানা থেকে সদ্য প্রত্যাহার হওয়া ওসি প্রদীপ কুমার দাশের চাকরিজীবনের পুরোটাই সমালোচনা ও বিতর্কে ভরা। বিতর্কিত এই পুলিশ কর্মকর্তা নানা বিতর্কের জন্ম দিয়ে চাকরিজীবনে বরখাস্ত ও প্রত্যাহার হয়েছেন কমপক্ষে পাঁচবার। প্রতিবার অদৃশ্য ক্ষমতাবলে ফিরেছেন স্বপদে। নাম প্রকাশ না করার শর্তে পুলিশের এক শীর্ষস্থানীয় কর্মকর্তা বলেন, প্রদীপ কুমার দাশ তিন বছর ধরে ধরাকে সরা জ্ঞান করছেন। তার কাছে সবাই অসহায় ছিল। চট্টগ্রামের

পাঁচলাইশ থানার ওসি থাকাকালে বাদুড়তলায় বোরকা পরা এক বৃদ্ধাকে প্রকাশ্যে পিটিয়ে রক্তাক্ত জখম করে ব্যাপক সমালোচিত হন প্রদীপ। এ ঘটনার পর সারা দেশে তোলপাড় হয়। এরপর পাঁচলাইশ থানা থেকে প্রত্যাহার করা হয় ওসি প্রদীপকে। অসংখ্য অভিযোগ থাকার পরও অতদওসি প্রদীপ কুমার ছিলেন এতদিন ধরা ছোঁয়ার বাইরে।

একটি সূত্র জানায়, ওসি প্রদীপ কুমার দাশ ও তার স্ত্রী চুমকী কারনের বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ সম্প্রতি অনুসন্ধান করছে দুর্নীতি দমন কমিশন (দুদক) চট্টগ্রাম কার্যালয়। সম্প্রতি এই অভিযোগটির অনুসন্ধান শুরু হয়। অনুসন্ধানের একপর্যায়ে তাদের কাছে স্থাবর-অস্থাবর সম্পদের হিসাব চেয়ে নোটিশ পাঠানো হয়। এর পরিপ্রেক্ষিতে এই দম্পতি আলাদাভাবে তাদের সম্পদের হিসাব কমিশনে জমা দিয়েছেন। দুদকের অনুসন্ধানে ওসি প্রদীপ কুমার ও তার স্ত্রীর নামে-বেনামে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ থাকার প্রমাণ মিলেছে। এর মধ্যে স্ত্রীর নামে চট্টগ্রাম মহানগরে ৬তলা বাড়ি, প্লট, ফ্ল্যাট, একাধিক গাড়ি ও অন্যান্য সম্পদের প্রমাণ পাওয়া যায়। বিদেশেও বাড়ি রয়েছে এমন খবর পাওয়া যাচ্ছে। এই অসৎ পুলিশ অফিসারের সাথে ভারতীয় দূতাবাসের যোগসাজশের কথা উঠে আসছে নানা গণমাধ্যমে । দৈনিক সংগ্রাম

০৮ই আগস্ট, ২০২০

ফিলিস্তিনি যুবতীকে গুলি করে হত্যা করলো ইসরায়েলি সেনারা

ইহুদিবাদী ইসরাইলি সেনারা ফিলিস্তিনের ডালিয়া আহমেদ সুলাইমান আস-সামুদি নামে ২৩ বছর বয়সী এক যুবতীকে গুলি করে হত্যা করেছে।

ফিলিস্তিনি স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাতে আল-জাজিরা জানায়,গতোকাল শুক্রবার সকালে সন্ত্রাসী ইহুদি সেনারা দখলকৃত পশ্চিম তীরের উত্তরে জেনিন শহরে এই হত্যাকাণ্ডের ঘটনা ঘটায়। গুলিতে গুরুতর আহত হলে বিকেলে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন তিনি।

তথ্যসূত্র জানায়, শুক্রবার সকালে সন্ত্রাসী ইসরাইলি বাহিনী জেনিন শহরে প্রবেশ করে ফিলিস্তিনি বিক্ষোভকারীদের উপর সরাসরি গুলি চালায়। এ সময় নিজ বাড়িতে অবস্থানকারী সামুদি গুলিবিদ্ধ হোন।

পিআরসিএস পরিচালক মাহমুদ আল সা'দি বলেছেন, সন্ত্রাসীদের গুলিতে গুরুতর আহত হলে হাসপাতালে নেবার জন্য অ্যাম্বুলেন্স আসে। এ সময় ওই অ্যাম্বুলেন্স লক্ষ করেও গুলি চালায় সন্ত্রাসী সেনারা।

নিহত ফিলিস্তিনি বোনটির একটি শিশুসন্তান রয়েছে। ইসরায়েলিদের বর্বরতায় শিশুটি মাতৃহারা হলো।

কাশ্মীরে মালাউনদের পেলেটের শিকার মুসলিমদের যন্ত্রণা

সালটি ছিল ২০১৭। মধ্যরাতে ২৮ বছর বয়স্ক মোহাম্মদ আশরাফ ওয়ানি কাশ্মীরের একটি হাসপাতালে ট্রাঙ্কুইলাইজার নিচ্ছিলেন। তার চোখ দুটি ছিল পেলেটের আঘাতে জর্জরিত। চিকিৎসারত অবস্থাতেই তার ফোনটি বেজে ওঠে। অপর প্রান্ত থেকে একজন বললেন, তারা তিন বন্ধু আত্মহত্যা করতে যাচ্ছেন, বিষয়টি তাকে জানাতে ফোন করেছেন।

তিনজনের সবাই তাদের নিজ নিজ পরিবার থেকে পালিয়ে এসে গভীর রাতে ঝিলাম নদীর একটি সেতুর কাছে জড়ো হয়েছেন। তিন বন্ধু নদীর পানিতে ঝাঁপ দিয়ে তাদের জীবন অবসান ঘটাতে চাচ্ছেন। তবে তারা মনে করলেন, মৃত্যুর আগে তাদের বন্ধু আশরাফকে বিদায় জানানো দরকার। ফোনে একজন ভাঙা গলায় বললেন, তারা যন্ত্রণা আর সহ্য করতে পারছেন না। সবাই তাদের ছেড়ে চলে গেছে।

কাশ্মীর উপত্যকায় তখন স্বাধীতাকামীদের নেতা বুরহান ওয়ানির হত্যাকাণ্ডের প্রতিবাদে ফুঁসছে। বাড়তে থাকা বিক্ষোভ প্রশমিত করার জন্য মালাউন সরকার দমন অভিযান শুরু করে। এতে ৯০ জনের বেশি নিহত ও ১১ হাজার আহত হয়।

কাশ্মীর নিয়ে নিউ ইয়র্ক টাইমসের একটি প্রতিবেদনে ঘটনাটিকে ‘মৃত চোখের মহামারি’ হিসেবে অভিহিত করা হয়েছিল। বিক্ষোভকারীরা পুলিশের ছোঁড়া পেলেট গানে আহত হচ্ছিল। এই ‘অপ্রাণঘাতী’ অস্ত্রে হাজার হাজার লোক আহত হচ্ছিল। ভারতীয় শাসনের বিরুদ্ধে ২০০৮ থেকে ২০১০ পর্যন্ত বিক্ষোভে মালু বাহিনীর গুলিতে প্রায় ২০০ লোক নিহত হওয়ার পর বিকল্প হিসেবে ‘অপ্রাণঘাতী’ অস্ত্র পেলেট ব্যবহার করা হচ্ছিল। রাজ্য সরকারের যুক্তি ছিল এই যে দূর থেকে নিক্ষেপ করা হলে শটগান পেলেট লোকজনকে ছত্রভঙ্গ করে দেয়।

আশরাফের সাথে যে তিন বন্ধু কথা বলছিল, তারা ২০১৬ সালের বিক্ষোভে পেলেটে আঘাতপ্রাপ্ত হযেছিলেন। তারা আংশিকভাবে দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেছিলেন। প্রতিবন্ধী হয়ে তারা নিজেদেরকে পরিবারের বোঝা মনে করতেন। আশরাফ নিজেও ছিলেন পেলেটের শিকার। তার বাম চোখে অস্ত্রোপচার হচ্ছিল। তার ডান চোখ পুরোপুরি নষ্ট হয়ে গিয়েছিল। বাম চোখে সামান্য দেখতে পেতেন। এর ফলে ২৮ বছর বয়স্ক এই তরুণের মনে আশাবাদের সৃষ্টি হয় যে একদিন তিনি হয়তো ভালোভাবে দেখতে সক্ষম হবেন।

আশরাফ স্মৃতিচারণ করে বলেন, আমি ওই রাতে হাসপাতালে ভর্তি হয়েছিলাম। ফোনটি পেয়ে কষ্ট পেয়েছিলাম। আমি তাদেরকে বলেছিলাম, ফোনটি না কাটতে। আমি চেয়েছিলাম তাদের সাথে কথা বলা অব্যাহত রাখতে, তাদের পুরো কাহিনী বর্ণনা করতে। ওই পর্যায়ে মৃত্যু নিয়ে নসিহত করা বা সুন্দর জীবনের কথা বলার মতো অবস্থা ছিল না। আমি স্রেফ তাদের কান্না শুনছিলাম, নিজেকে বলছিলাম যে তাদের স্বজন ও বন্ধুরা পর্যন্ত তাদেরকে ছেড়ে গেছে।

আশরাফ টেলিফোনে কথা বলা অব্যাহত রাখলেন। ততক্ষণে ফজরের আজান শুরু হয়ে গেছে। ওই সময়ই আশরাফ তার বন্ধুদের বললেন, কাশ্মীরে পেলেটের শিকার লোকদের জন্য কিছু একটা করা উচিত। এমন একটি প্লাটফর্ম করা উচিত যেখানে তারা তাদের কথা বলতে পারবেন, একটি শক্তিশালী কণ্ঠস্বরে পরিণত হবে এটি।

তিনি তার উত্তেজিত বন্ধুদের বললেন যে তিনি কখনো তাদেরকে তাদের পরিবারের বোঝা মনে করতে দেবেন না। তিনি বললেন, আমরা কোনো না কোনো উপায় বের করবই। স্রেফ আত্মহত্যা করো না। 'তার কথায় তাদের মধ্যে আত্মহত্যার চিন্তা উধাও হয়ে গেল।

আশরাফ *সাউথ এশিয়ান মনিটর*কে বলেন, এভাবেই পেলেট ভিক্টিম ওয়েলফেয়ার ট্রাস্ট গঠিত হয়। আমরা প্রায়ই মিলিত হই, আমাদের সমস্যাবলী ও অগ্রাধিকার নিয়ে আলোচনা করি।

এই সমিতি পেলেট গানের শিকার লোকদের চিকিৎসা, শিক্ষা ও অন্যান্য প্রয়োজন মেটানোর জন্য আর্থিক সহায়তা প্রদান করে। তারা ১,৩৩৫ জনকে সহায়তা করেছেন। পেলেটের শিকার লোকদের দীর্ঘ দিন চিকিৎসা চালাতে হয়। কিন্তু গরিব হওয়ায় তাদের অনেকের পক্ষেই তা চালানো সম্ভব হয় না।

পেলেটের শিকার সবচেয়ে বয়স্ক ব্যক্তি হচ্ছেন ৭৫ বছর বয়স্ক দক্ষিণ কাশ্মীরের পুলওয়ামার এক লোক। আর সর্বকনিষ্ঠ হচ্ছে ১৮ মাসের শিশু হিবা নিসার। আশরাফ বলেন, পৃথিবীর কোনো দেশে কি একই অস্ত্রের শিকার ৭৫ বছর বয়স্ক বৃদ্ধ ও ১৮ মাসের শিশু পাওয়া যাবে? অন্য সব দেশে তো পেলেট ব্যবহার করা হয় পশুদের বিরুদ্ধে।

আর্টসে গ্রাজুয়েট আশরাফ বলেন, কাশ্মীরে পেলেট গানের শিকারদের মধ্যে ৬৫ ভাগই ছাত্র। আর ১০ ভাগের বেশি শিশু।

আশরাফ বলেন, পেলেটের ওপর নিষেধাজ্ঞা চেয়ে আমরা হাইকোর্টে আবেদন করেছি। আমরা সরকারের কাছে জানতে চেয়েছি, তারা কেন অচিহ্নিত বিক্ষোভকারীদের প্রতি এটি ব্যবহার করছে। কিন্তু আমাদের আবেদন সরাসরি প্রত্যাখ্যান করা হয়েছে। উচ্চতর আদালতে যাওয়ার মতো অর্থও আমাদের নেই।

আশরাফের দেহেই পেলেটের ৬৫০টির বেশি আঘাত রয়েছে। পেলেটে অন্ধ হওয়ার মাত্র দুই মাস আগে তার বুকে বুলেট বিঁধেছিল। বুরহান ওয়ানির সমর্থনে বিক্ষোভ করার সময় নিরাপত্তা বাহিনী গুলি ছুড়লে অনেকে হতাহত হয়। আশরাফের বুকে গুলি লাগে। এক সপ্তাহ তিনি অজ্ঞান ছিলেন। আর হাসপাতালে ছিলেন এক মাসের বেশি সময়।

হাসপাতাল থেকে ফিরে এসে আরেক দুর্যোগে পড়েন তিনি। এবার আহত হন পেলেটে। আবার ছুটে যান হাসপাতালে। চিকিৎসকেরা জানান, তার বাম চোখ পুরোপুরি নষ্ট হয়ে গেছে, ডান চোখ আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে।

আশরাফ বলেন, পেলেটের যন্ত্রণা একইসাথে মানসিক ও শারীরিক। পেলেটের শিকাররা মারাত্মক মানসিক সঙ্কটে থাকেন। তাদের সবসময় মনোরোগ বিশেষজ্ঞদের তদারকিতে থাকতে হয়।

তিনি বলেন, আমার দেহের ভেতরে এখনো ৬৫০টির বেশি পেলেট আছে। গ্রীষ্মে তাপমাত্রা বাড়লে পেলেটগুলোও গরম হয়ে ওঠে। তখন মনে হয়, আমি বুঝি দোজখের আগুনে জ্বলছি। তখন মৃত্যু কামনা করা ছাড়া আর কিছুই করার থাকে না।

আশরাফ *সাউথ এশিয়ান মনিটর*কে বলেন, তার সমিতির প্রাথমিক লক্ষ্য হলো কাশ্মীরীদের প্রতি সরকার যে আচরণ করছে, সে সম্পর্কে জনসাধারণকে অবগত করা। তারা পেলেট গান কাশ্মীরে পুরোপুরি বন্ধ করার দাবিতে সোচ্চার হওয়ার আহ্বানও জানাচ্ছে।

আশরাফ বলেন, আমরা প্রতি শুক্রবার বিভিন্ন মসজিদে গিয়ে সাহায্য কামনা করি আমাদের চিকিৎসা ও শিক্ষার ব্যয় নির্বাহ করার জন্য। আমরা লোকজনকে বলি, পেলেট আমাদের কী ক্ষতি করেছে। আমরা চাই না কাশ্মীরীদের আরেকটি প্রজন্ম এই যন্ত্রণা ভোগ করুক।

বাবরি মসজিদের স্থানে মন্দির নির্মাণ বিশ্বমুসলিমের হৃদয়ে রক্তক্ষরণ হয়েছে : বাবুনগরী

বহুল আলোচিত শহীদ বাবরি মসজিদের জায়গায় রাম মন্দির নির্মাণ কাজের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন হাটহাজারী মাদরাসার স্বনামধন্য মুহাদ্দিস, শায়খুল হাদীস আল্লামা জুনায়েদ বাবুনগরী। বৃহস্পতিবার (৬ আগস্ট) সংবাদমাধ্যমে প্রেরিত এক বিবৃতিতে আল্লামা বাবুনগরী বলেন, কট্টর হিন্দুত্ববাদী মোদি সরকার গায়ের জোরে বাবরি মসজিদের পবিত্র জায়গায় অপবিত্র মন্দির নির্মাণের ভিত্তিপ্রস্তর করায় বিশ্ব মুসলিমের কলিজায় রক্তক্ষরণ হয়েছে। মসজিদের জায়গায় মন্দির নির্মাণ মুসলমানরা কখনো মেনে নেবে না। আজ নয় কাল বিশ্বমুসলিম বাবরি মসজিদকে পুনরুদ্ধার করবে,ইনশাল্লাহ।

তিনি বলেন, মসজিদ আল্লাহ তায়া'লার ঘর, পৃথিবীর সর্বোৎকৃষ্ট জায়গা। মুসলিম উম্মাহর ইবাদতের পবিত্র স্থান। যেখানে একবার মসজিদ নির্মাণ হয় তা সর্ব সময়ের জন্য মসজিদের হুকুমেই থেকে যায়। সেই জায়গার পবিত্রতা রক্ষা করতে হয়। বাবরি মসজিদের স্থানে মন্দিরের ভিত্তিপ্রস্তর করে মসজিদের পবিত্রতা নষ্ট করা হয়েছে। ভারত সরকারের এ কাজ মসজিদকে অবমাননার শামিল। আল্লাহ তায়ালার ঘর মসজিদের সাথে এই বেআদবীমুলক আচরণের কারণে মোদি সরকারের মসনদ ভেঙে চুরমার হয়ে যাবে। তিনি আরো বলেন, আজ মুসলমানদের পবিত্র স্থানে রাম মন্দিরের ভিত্তিপ্রস্তর করে মুসলিম উম্মাহর কলিজায় ছুরিকাঘাত করেছে উগ্রবাদী মোদি সরকার। বাবরি মসজিদ স্রেফ একটি মসজিদ নয় উল্লেখ করে আল্লামা বাবুনগরী বলেন- বাবরি মসজিদ মুসলমানদের পাঁচশত বছরের ঐতিহ্য। মসজিদের স্থানে মন্দির নির্মাণের ভিত্তিপ্রস্তর করে মুসলমানদের প্রতি অবিচার করা হয়েছে। ধর্মাচরণের স্বাধীনতার বিষয়টি ভারতের কুফুরী সংবিধানে উল্লেখ থাকলেও বাবরি মসজিদের জায়গায় মন্দির নির্মান কাজ শুরু করে মুসলমানদের সেই ধর্মীয় স্বাধীনতাও হরন করা হয়েছে। পৃথিবীর যে কোন প্রান্তে মসজিদ প্রতিষ্ঠিত হোক না কেন তা বিশ্বের সকল মুসলমানদের। বাবরি মসজিদ ইস্যু স্রেফ ভারতের অভ্যন্তরীণ বিষয় নয়, বরং এর সাথে বিশ্ব মুসলিমের ধর্মীয় অনুভূতির সম্পৃক্ততা বিদ্যমান। তাই ঐতিহাসিক বাবরি মসজিদকে পুনরুদ্ধারে বিশ্ব মুসলিম নেতৃবৃন্দ ঐক্যবদ্ধ হওয়া সময়য়ের অপরিহার্য দাবী।**(সংবাদ বিজ্ঞপ্তি)**

গাম্বিয়াকে রোহিঙ্গা মুসলিমদের গণহত্যার তথ্য দিতে ফেসবুকের অস্বীকৃতি

রোহিঙ্গা গণহত্যার বিষয়ে ফেসবুক মিয়ানমার আর্মির যোগাযোগের কোনো তথ্য গাম্বিয়াকে দেবে না বলে সাফ জানিয়ে দিয়েছে। কোনো দেশের সম্পর্কে এভাবে তথ্য দেয়ার মার্কিন আইনের পরিপন্থী। যুক্তরাষ্ট্রের একটি আদালতে তথ্য না দেয়ার পক্ষে এমন যুক্তি উপস্থাপন করে প্রতিষ্ঠানটি।

গত জুনে গাম্বিয়া আন্তর্জাতিক আদালত (আইসিজে)-এ মামলা করার পর মিয়ানমারের কর্মকর্তারা কখন কিভাবে, কার সঙ্গে কি আলোচনা করেছেন এসব তথ্য চেয়ে অনুরোধ করা হয়। সেই অনুরোধে সাড়া না দেয়া সিদ্ধান্ত নিয়েছে ফেসবুক কর্তৃপক্ষ।'

রয়টার্স এ বিষয়ে মন্তব্য জানতে চাইলে গামবিয়ার অ্যাটর্নি জেনারেল দাওয়াদা জাল্লোও এ বিষয়ে মন্তব্য করতে রাজি হননি।

এর আগে এ বছরের ২০ জানুয়ারি নেদারল্যাডন্সের দ্য হেগের আন্তর্জাতিক বিচারিক আদালত (আইসিজে) মিয়ানমারকে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে এবং গণহত্যার প্রমাণ পাওয়া গেছে বলে জানায়।

সে সময় ওই মামলার বাদি গাম্বিয়ার বিচারমন্ত্রী আবুবকর তাম্বাদু বলেন, 'রোহিঙ্গাদের বিরুদ্ধে সামরিক বাহিনী এবং বেসামরিক বাসিন্দারা সংগঠিত হামলা চালাচ্ছে, বাড়িঘর পুড়িয়ে দিচ্ছে, মায়ের কোল থেকে শিশুদের ছিনিয়ে নিয়ে জ্বলন্ত আগুনে ছুঁড়ে মারছে, পুরুষদের ধরে ধরে মেরে ফেলছে, মেয়েদের ধর্ষণ করছে এবং সব রকমের যৌন নির্যাতন করছে।'

মিয়ানমারে রোহিঙ্গাদের উপর গণহত্যার বিষয়ে সে দেশের গণমাধ্যমকে সরকার কোনো খবর প্রকাশ করতে বাধা দেয়ায় ঘটনা আড়ালে থেকে যায় দীর্ঘ দিন। সংবাদ প্রকাশের জেরে আটক করা হয় রয়টার্সের দুই সাংবাদিককও। অন্যদিকে রোহিঙ্গারা সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে গণহত্যার বিষয়ে কোনো পোস্ট করলে সেটি মুছে দিতো ফেসবুক। দাবি করে বেশ কয়েকজন রোহিঙ্গা এক্টিভিস্ট। বন্ধ করে দেয়া হয় রোহিঙ্গাদের পরিচালিত বেশ কয়েকটি কমিউনিটি গ্রুপ। এতে গণহত্যার খবর গোপন থাকে। কিন্তু ২০১৭ সালের আগস্টের শেষ সপ্তাহে গণহত্যা ভয়াবহ রূপ নেয়। রোহিঙ্গারা সীমান্ত পেরিয়ে বাংলাদেশ প্রবেশ করতে থাকেন। তখন বাংলাদেশের গণমাধ্যমে খবর প্রকাশিত হতে থাকলে বিশ্বের দৃষ্টি গোচর হয় ঘটনাটি।

পক্ষান্তরে মিয়ানমার সেনাবাহিনী এক তরফা ফেসবুকে রোহিঙ্গা বিরোধী মিথ্যা তথ্য প্রকাশ করতে থাকে। যার বিরুদ্ধ কোনো ব্যবস্থা নেয়নি ফেসবুক। গণহত্যার বিষয়ে জাতিসংঘের নিন্দা ও ফেসবুকের এমন কার্যক্রমের সমালোচনা শুরু হয় বিভিন্ন মাধ্যমে।

সূত্র: রয়টার্স

০৭ই আগস্ট, ২০২০

ইসলাম গ্রহণ করলেন বিশ্বখ্যাত ভারোত্তলক রেবেকা কোহা

বিশ্ববিখ্যাত ভারোত্তলক রেবেকা কোহা ইসলাম ধর্ম গ্রহণ করেছেন। গত রোববার ইনস্টগ্রামে একটি ছবি প্রকাশ করে ইসলাম গ্রহণের বিষয়টি সবার সামনে তুলে ধরেন তিনি। ইন্সটাগ্রাম পোস্টে রেবেকা লেখেন, 'আজকের দিনটি আমার কাছে একটি বিশেষ দিন। কারণ আজ আমি ইসলাম গ্রহণ করেছি।'

তিনি আরও লেখেন, 'আজ দুপুর তিনটা ৪৮ মিনিটে আমি কালেমা শাহাদত পাঠ করে ইসলাম গ্রহণ করি। আমার দৃঢ় বিশ্বাস, আমি জীবনের নতুন এক অধ্যায় শুরু করেছি।' সংবাদমাদমাধ্যম তাসনিম নিউজ এজেন্সির প্রতিবেদনে বলা হয়েছে, ইসলাম ধর্ম গ্রহণ করার পর রেবেকা সামাজিক যোগাযোগমাধ্যম থেকে তার পুরোনো সব ছবি সরিয়ে ফেলেছেন। ইউরোপের ক্ষুদ্র রাষ্ট্র লাটভিয়ার অধিবাসী এ নারী ইসলামের অনুসারী হিসেবে হিজাব পরিধানও শুরু করেছেন। এছাড়া তার কোনো ছবি প্রকাশ না করার অনুরোধ করে ওই পোস্টে রেবেকা লেখেন, 'একজন মুসলিম হিসেবে সবার প্রতি আমার অনুরোধ, এখন থেকে কেউ যেন আমার কোনো ছবি পোস্ট না করে। আমার চুল ও শরীরের কোনো অঙ্গ প্রকাশ পায় এমন কোনো ছবি কেউ যেন প্রকাশ না করে। দৈনিক সংগ্রাম

কাশ্মীর সংযুক্তির এক বছরে শক্তিশালী হওয়া থেকে বহু দূরে ভারত

কাশ্মীরের বিশেষ মর্যাদা বাতিল করে এই অঞ্চলকে ভারতের সাথে যুক্ত করার জন্য মোদি সরকারের নেয়া সিদ্ধান্তের এক বছর পরেও আঞ্চলিক ভারসাম্য তাদের অনুকূলে যায়নি। বরং উল্টাটা হয়েছে। এই সংযুক্তির কারণে এতদিন যেটা ইন্দো-পাক দ্বিপাক্ষিক একটি ইস্যু ছিল, সেখানে এখন চীন যুক্ত হয়ে এটা কার্যত ত্রিপক্ষীয় ইস্যুতে পরিণত হয়েছে।

ভারত তাদের 'হিন্দুস্তান' এজেন্ডা বাস্তবায়নের জন্য কাশ্মীরের জনমিতিক চেহারা বদলে ফেলার চেষ্টা করছে। সামরিক বাহিনীর কর্মকর্তাদের কাশ্মীরে ভূমি কেনার অধিকার দিয়েছে তারা। কিন্তু তাদের কর্মকাণ্ডের বেশির ভাগই উল্টা প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। চীন এখন তাদের ভূমিকা নতুন করে নির্ধারণ করেছে এবং এ অঞ্চলের ব্যাপারে তাদের নীতিতে পরিবর্তন এনেছে।

ভারতের জম্মু ও কাশ্মীরের সংযুক্তি থেকে এই ইঙ্গিত মিলেছে, যে কোন সময় তারা চীনা নিয়ন্ত্রণাধীন অঞ্চলকে নিয়ে নিতে পারে। কিন্তু চীনের আগাম প্রতিজবাব, তাদের অর্থনৈতিক, কূটনৈতিক ও সামরিক পদক্ষেপ – এই সবকিছুই ভারতের কর্মকাণ্ডের যৌক্তিক প্রতিক্রিয়া মাত্র। এই সব কিছু পরিস্থিতিকে ভারতের জন্য অনেক বেশি জটিল করে দিয়েছে, যেটা এক বছর আগেও ছিল না।

পরিস্থিতি যেটা দাঁড়াচ্ছে, তাতে কাশ্মীরের ব্যাপারে যে কোন ভবিষ্যৎ সিদ্ধান্তের ক্ষেত্রে চীন একটা অনিবার্য পক্ষ হয়ে থাকবে। অন্যভাবে বললে ২০১৯ সালের ৫ আগস্টের আগ পর্যন্ত কাশ্মীরকে যদি ভারত-পাকিস্তানের মধ্যে দ্বিপাক্ষিক ইস্যু হিসেবে দেখা হয়, তাহলে এর পর থেকে সেটা ত্রিপক্ষীয় ইস্যু হয়ে গেছে।

লাদাখে চীন ভারতীয় সামরিক বাহিনীকে হটিয়ে দিয়েছে এবং পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মীরে বহু বিলিয়ন ডলার বিনিয়োগ করে যাচ্ছে তারা। ফলে চীনের স্বার্থ এখানে অনেকে বেড়ে গেছে। এর অর্থ হলো, ভবিষ্যতে ভারত-পাকিস্তান নিয়ন্ত্রণ রেখায় বড় ধরনের কোন সঙ্ঘাত পরিস্থিতি সৃষ্টি হলে চীন সেখানে সরাসরি জড়িয়ে যাবে।

একইভাবে, পাকিস্তানও তাদের অবস্থান সংহত করার জন্য বিতর্কিত কাশ্মীর এলাকায় বিনিয়োগের জন্য চীনকে প্রস্তুত করেছে। পশ্চিমা মূলধারার গণমাধ্যমে সঠিকভাবেই বলা হয়েছে যে, এই চীনা বিনিয়োগ আসলে ‘ভারতের উপর একটা আঘাত’।

অতি সাম্প্রতিক ও সম্ভবত সবচেয়ে বড় চীন-পাকিস্তান বিনিয়োগ হয়েছে পাকিস্তানের তৃতীয় বৃহত্তম বাঁধ, দিয়ামের বাসা ড্যাম নির্মাণে। চীনের রাষ্ট্রায়ত্ব চায়না পাওয়ার এবং পাকিস্তান সেনাবাহিনীর বাণিজ্যিক শাখা ফ্রন্টিয়ার ওয়ার্কস অর্গানাইজেশান যৌথভাবে এই বাঁধ নির্মাণ করছে।

সিপিইসির অধীনে দিয়ামের বাসা ড্যাম ছাড়াও আরও দুটি প্রকল্পে সরাসরি বিনিয়োগের জন্য চুক্তি করেছে ইসলামাবাদ আর বেইজিং। পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মীরে দুটো জলবিদ্যুৎ প্রকল্পের জন্য ৪ বিলিয়ন ডলার পর্যন্ত বিনিয়োগ করা হবে, যেখান থেকে ১,৮০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে।

চীন যখন এ অঞ্চলে প্রভাব বাড়াচ্ছে, তখন বিষয়টা ভারত আর চীনের বিদ্যমান উত্তেজনাকে আরও তীব্র করবে। অন্যভাবে বললে, এমনকি ভারত যদি পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মীরে কর্তৃত্ব সম্প্রসারণের চিন্তাও করে, সে ক্ষেত্রে ভারতের কৌশলবিদদের বিবেচনায় ‘চীন ফ্যাক্টরের’ বিষয়টিকেও নিতে হবে।

সত্যি হলো, লাদাখে চীন-ভারত সঙ্ঘর্ষের পর থেকে হিসেব নিকেশ একেবারে পাল্টে গেছে। হিন্দুত্ববাদী ‘অখণ্ড ভারতের’ স্বপ্ন বাস্তবায়নের জন্য পুরো অঞ্চলকে নিজেদের নিয়ন্ত্রণে আনার যে ক্রমবর্ধমান আগ্রাসী আকাঙ্ক্ষা জন্মেছে ভারতের, সেটার বিরুদ্ধে এটাকে চীন-পাকিস্তানের জবাব হিসেবে দেখা যেতে পারে।

লাদাখের সঙ্ঘর্ষ-পরবতী বাস্তবতা থেকে অবশ্য বোঝা যাচ্ছে যে, এ অঞ্চলে এবং বিশ্বে ভারতের আরও পেশিবহুল ভূমিকার যে উচ্চাকাঙ্ক্ষী স্বপ্ন রয়েছে মোদি সরকারের, সেটা হয়তো পূর্ণ হবে না।

লাদাখে ভারতের অগ্রসর হওয়া এবং চীনকে পিছনে ঠেলে দেয়ার সাফল্যকে যদি এই ধরনের ভূমিকার লিটমাস পরীক্ষা হিসেবে ধরা হয়, তাহলে সে পরীক্ষায় ভারত নিদারুণভাবে ব্যর্থ হয়েছে। ফলে কৌশলগত পুনর্বিবেচনা করতে বাধ্য হয়েছে ভারত।‘উহান স্পিরিট’কে পুনরুদ্ধার করতে নয়াদিল্লীর আরও বহু সময় লেগে যাবে।

এটা সত্য যে, এই সব কিছু ঘটার একটা বড় কারণ হলো এই অঞ্চলে নিজেদের দুর্বল অবস্থানকে ঢাকার জন্য ভারত বেশি করে যুক্তরাষ্ট্রের দিকে ঝুঁকে পড়েছে। চীন যেখানে বিতর্কিত অঞ্চলের চারপাশে নিজেদের উপস্থিতি জোরদার করেছে, সেখানে ভারত যুক্তরাষ্ট্রের সাথে কৌশলগত সম্পর্ক গভীর করার চেষ্টা করছে, যে ধরনের সম্পর্ক যুক্তরাষ্ট্র আর ইসরাইলের মধ্যে রয়েছে। আর এই সম্পর্ক ভবিষ্যতে আরও বাড়বে।

অনেকটা গভীর মার্কিন-ভারত কৌশলগত সম্পর্কের অজুহাত হিসেবে ভারতের নীতি নির্ধারকরা এরই মধ্যে বলতে শুরু করেছে যে, এখানে একটা 'প্রতিকূল পরিবেশ' সৃষ্টি হয়েছে এবং 'দুই ফ্রন্টের যুদ্ধের' আশঙ্কা তৈরি হয়েছে, যেটা তাদেরকে মোকাবেলা করতে হবে ও যেখানে তাদেরকে লড়তে হবে।

কিন্তু প্রশ্ন হলো: এ ধরনের যুদ্ধে লড়াই করে টিকে থাকার জন্য বা এই 'প্রতিকূল পরিবেশ' কার্যকরভাবে দমনের জন্য যথেষ্ট অভ্যন্তরীণ সম্পদ কি ভারতের আছে?

ভারতের নড়বড়ে অর্থনৈতিক অবস্থা থেকে বোঝা যায় পরিবর্তনের জন্য কতটুকু তারা এগুতে পারবে। ঢিলেঢালা হিসেবেও ২০২০ সালের দ্বিতীয় কোয়ার্টারে ভারতের অর্থনীতি প্রায় ২০ শতাংশ সঙ্কুচিত হয়েছে – নব্বইয়ের দশকের মাঝামাঝির পর এবারই প্রথম অর্থনৈতিক সঙ্কোচন দুই অঙ্কের কোঠা পার করলো। করোনা আক্রান্তের দিক থেকে যুক্তরাষ্ট্র আর ব্রাজিলের পর তিন নাম্বারে ভারত। তাই মনে হয়, বছরের বাকি দুই কোয়ার্টারে তাদের অর্থনীতি আরও সঙ্কুচিত হবে।

এই ভয়াবহ অর্থনৈতিক পরিস্থিতির মুখে মোদি সরকার তাদের সামরিক বাহিনীর আধুনিকায়ন করতে পারবে না – লাদাখে মার খাওয়ার পরিপ্রেক্ষিতে যেটা তাদের প্রয়োজন। তাছাড়া 'দুই ফ্রন্টের যুদ্ধ' মোকাবেলার জন্য তারা প্রতিরক্ষা খাতেও আরও সম্পদ নিয়ে আসতে পারবে না। সাম্প্রতিক সঙ্ঘর্ষের সময় পিএলএ লাদাখ এলাকায় যে ৪০-৬০ বর্গকিলোমিটার এলাকা নিজেদের দখলে নিয়েছে, সেটা এখন পর্যন্ত উদ্ধার করতে পারেনি ভারত।

ভারত যদিও আশা করছে যে, চীনের বিপরীতে তারা মার্কিন সমর্থন পাবে, কিন্তু লাদাখের ঘটনা আবারও দেখিয়েছে যে, যুক্তরাষ্ট্র এ ক্ষেত্রে খুব একটা নির্ভরযোগ্য অংশীদার হবে না।

যুক্তরাষ্ট্রে ডোনাল্ড ট্রাম্প নির্বাচনের দিকে ঝুঁকছেন। তার পরাজয়টা ক্রমেই একটা সম্ভাবনা হিসেবে দেখা যাচ্ছে। এ অবস্থায় তিনি নির্বাচন পেছানোর সুযোগ খুজছেন।

ট্রাম্পের পর, নতুন মার্কিন প্রশাসন হয়তো চীনের বিরুদ্ধে রাজনৈতিক ও কূটনৈতিক দ্বন্দ্বে জড়াতে চাইবে না বা এশিয়াতে চীনকে দমনের জন্য ভারতের সাথে কৌশলগত সম্পর্কেও অংশ নিতে চাইবে না, এই সম্ভাবনাও রয়েছে।
সূত্র: সাউথ এশিয়ান মনিটর

০৬ই আগস্ট, ২০২০

স্বরুপকাঠিতে জায়েজ বিয়ে বন্ধ করলো মুরতাদ সরকারের ইউএনও, জরিমানা

পিরোজপুরের স্বরূপকাঠিতে এসএসসি পাস এক ছাত্রীর (১৬) বিয়ে বন্ধ করলো তাগুত বাহিনীর সদস্য উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মোশারেফ হোসেন। বিয়ে বন্ধ করে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী হাকিম বর শাহ জামালকে ৫০ হাজার ও কনের পিতা মো. মাহবুব হোসেনকে ৫ হাজার টাকা জরিমানা করেন। ওই ছাত্রীর বাড়ি উপজেলার স্বরূপকাঠি সদর ইউনিয়নের পুর্ব অলংকারকাঠি গ্রামে। সে এবছর অলংকারকাঠি এম আর মাধ্যমিক বিদ্যালয় থেকে এসএসসি পাস করেছে।

ওই ছাত্রীর বাড়িতে বিয়ের আয়োজন চলছে- এমন সংবাদ পেয়ে বুধবার বিকেলে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী হাকিম বিয়ে বাড়িতে উপস্থিত হয়ে বিয়ে ভেঙে দেন এবং সন্ধ্যায় ভ্রাম্যমাণ আদালত বসিয়ে বরকে ৫০ হাজার টাকা ও কনের পিতাকে ৫ হাজার টাকা জরিমানা করেন। এসময় তিনি ওই ছাত্রীকে ১৮ বছর না হওয়া পর্যন্ত বিয়ে না দেওয়ার নির্দেশ দেন। বর শাহ জামাল (৩৮) উপজেলার সোহাগদল ইউনিয়নের পশ্চিম সোহাগদল গ্রামের নূর মোহাম্মদের পুত্র।

সূত্র: কালের কণ্ঠ

সন্ত্রাসী আ'লীগের ২ গ্রুপের সংঘর্ষ, নিহত ১, টেটাবিদ্ধসহ আহত ৫

আড়াইহাজারে সন্ত্রাসী আওয়ামী লীগের দুই গ্রুপের সংঘর্ষে একজন নিহত ও টেটাবিদ্ধসহ পাঁচজন আহত হয়েছেন। বুধবার রাতে ও বৃহস্পতিবার সকালে উচিৎপুরা ইউনিয়নের কাদিরদিয়া গ্রামে দুই দফা সংঘর্ষে এ ঘটনা ঘটে।

নিহতের নাম আনোয়ার হোসেন (৫০)। তিনি ওই গ্রামের মৃত আবেদ আলীর ছেলে এবং উচিৎপুরা ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জাফরের বড় ভাই।

উচিতপুরা ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সাধারণ সদস্য হানিফ ও ওয়ার্ড স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জাফর গ্রুপের সাথে সংঘর্ষের এই ঘটনা ঘটেছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

প্রত্যদর্শী সূত্রে জানা গেছে, উচিৎপুরা ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সদস্য হানিফের সাথে উচিৎপুরা ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জাফরের সাথে রাজনৈতিক বিরোধ রয়েছে। এরই জেরে ৫ আগস্ট সন্ধ্যায় হানিফ মেম্বার তার দলবল নিয়ে তাদের বাড়িতে হামলা চালায়। এ সময় বসত ঘর ভাঙচুর ও লুটপাট করা হয়েছে। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি শান্ত করেন। পরে ৬ বৃহস্পতিবার ভোর সাড়ে ৫টার দিকে ফের হামলা চালানো হয়। এতে আনোয়ার নিহত হন। আহতদের একজনকে ঢাকায় এবং বাকিদের উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়েছে। নয়া দিগন্ত

পাকিস্তান | পাক-আফগান সীমান্তে মুরতাদ বাহিনীর ৮টি পোস্টে তীব্র হামলা চালিয়েছেন টিটিপির মুজাহিদগণ

পাক-আফগান সীমান্তে মুরতাদ পাকি সৈন্যদের ৮টি পোস্টে তীব্র হামলা চালিয়েছেন পাকিস্তানের অন্যতম শক্তিশালি জিহাদী তানযিম তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টিটিপি) এর জানবায মুজাহিদিন।

তেহরিক-ই-তালেবান এর কেন্দ্রীয় মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ জানিয়েছেন, গত ৬ আগস্ট বুধবার দ্বিপ্রহরের সময় পাক-আফগানের দেরপাডে সীসান্তে অবস্থিত মুরতাদ পাকিস্তানী সেরাদের ৮টি পোস্টে ভারী অস্ত্র দ্বারা সফল হামলা চালিয়েছেন টিটিপি এর জানবায মুজাহিদগণ। যার ফলে মুরতাদ বাহিনীর পোস্টগুলো ধ্বংস এবং বড় ধরণের ক্ষয়ক্ষতির পাশাপাশি প্রাথমিক সংবাদ অনুযায়ী ৭ সৈন্য ঘটনাস্থলেই নিহত হয়েছে। ধারণা করা হচ্ছে হতাহতের পরিসংখ্যান আরো অনেক বেশি।

মুরতাদ বাহিনীর বিরুদ্ধে এই অভিযানে মুজাহিদগণ স্নাইপার, তুপ-কামান, ক্লাশিনকোভ, 60mm, 75mm, 81mm, 82mm, spg2, spg9, atr82, BM, অস্ত্রশস্ত্র ব্যাবহার করেন।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় কমান্ডার ও জেনারেলসহ ১৫ এরও অধিক মুরতাদ সৈন্য নিহত, সামরিক ঘাঁটি বিজয়

সোমালিয় মুরতাদ সরকারি বাহিনীর সামরিক ঘাঁটিতে হামলা চালিয়ে তা বিজয় করে নিয়েছেন মুজাহিদগণ, এতে ১৫ সৈন্য নিহত এবং অনেক সৈন্য হতাহত হয়েছে।

"শাহাদাহ্ নিউজ" এর প্রকাশিত রিপোর্ট থেকে জানা গেছে, ৫ আগস্ট বুধবার দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সোমালিয়ার বাইদাওয়ে শহরের "ডেনোনাই" অঞ্চলে মুরতাদ সোমালিয় সরকারী মিলিশিয়াদের একটি সামরিক ঘাঁটিতে সফল হামলা চালিয়েছেন আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

এসময় মুরতাদ বাহিনীর সহায়তার জন্য আসা মুরতাদ বাহিনীর অন্য একটি কাফেলাতেও হামলা চালিয়েছেন মুজাহিদগণ। যার ফলে মুরতাদ বাহিনীর ১ জেনারেল ও ৪ সেনা অফিসারসহ ১৫ এরও অধিক মুরতাদ সৈন্য নিহত হয়েছে, আহত হয়েছে আরো কয়েক ডজন মুরতাদ সৈন্য। ধ্বংস করা হয়েছে মুরতাদ বাহিনীর ২টি সামরিকযান।

এভাবেই মুরতাদ বাহিনীর সাথে তীব্র লড়াইয়ের পর মহান রবের সাহায্যে হারাকাতুশ শাবাব মুজাহিদগণ মুরতাদ বাহিনীর সামরিক ঘাঁটিটির উপর সম্পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে সক্ষম হন।

ফিরে দেখা: মালাউনদের আগ্রাসনের কবলে কাশ্মীরীদের বিগত বছর

৫ আগস্ট, ২০১৯।এক বছর আগের কথা। সেদিন ভারত দখলকৃত কাশ্মীরের সব সুবিধা বাতিল করে দিয়েছিল নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকার। দেওয়া হয়েছিল নতুন কাশ্মীর গঠনের মিথ্যা আশাবাদ। বলা হয়েছিল, নতুন কাশ্মীরে থাকবে না সহিংসতা, উন্নতিতে শীর্ষে উঠবে উপত্যকা অঞ্চলটি। কিন্তু, এক বছর পর তার কতটুকু পূরণ হয়েছে?

হ্যাঁ, একটি বিষয়ে সংখ্যাবৃদ্ধি হয়েছে। কারাগারগুলো আটক ব্যক্তিতে উপচে পড়েছে। অনেক কাশ্মীরি জানেনই না, তাদের স্রেফ 'উবে যাওয়া' আত্মীয়স্বজন আদৌ বেঁচে আছেন কিনা! বিবিসির খবরে বলা হয়েছে, গত বছরের নভেম্বরে সরকার পার্লামেন্টে একটি হিসাব দিয়েছিল। তাতে প্রকাশ, ওই বছরের ৪ আগস্ট থেকে প্রায় ৫ হাজার ১৬১ জন কাশ্মীরিকে গ্রেপ্তার করা হয়েছে। আর গ্রেপ্তার না দেখানো আটকের কোনো সঠিক হিসাব পাওয়া যায় না। পাবলিক সেফটি অ্যাক্টের (পিএসএ) আওতায় কতজনকে আটক করা হয়েছে এবং কতজন এখনো পর্যন্ত কারাগারে আটক আছে—তার সঠিক হিসাব কেউই দিতে পারে না। বিবিসি কাশ্মীরের পুলিশ বিভাগের প্রধান বিজয় কুমারের কাছে এ বিষয়ে তথ্য জানতে চেয়েছিল। তিনি উত্তরে বলেছেন, এত 'স্পর্শকাতর তথ্য' জানানো সম্ভব নয়।

শ্রীনগরভিত্তিক মানবাধিকার কর্মী পারভেজ ইমরোজ বিবিসিকে বলেন, এই আটক ও গ্রেপ্তারের মূল উদ্দেশ্য ভয় সৃষ্টি করা। গত বছরের ৫ আগস্টের পর এই কাজে সরকার সফল। কাশ্মীরিদের মুখ বন্ধ রাখতে এমন ধরপাকড় ভালো কাজে দিয়েছে। সরকার চেয়েছিল, সাধারণ কাশ্মীরিরা যেন নতুন আইনের বিরোধিতায় ঘর থেকে বের না হয়। সেই লক্ষ্য পূরণ হয়েছে।

ভারতের একমাত্র মুসলিম সংখ্যাগরিষ্ঠ রাজ্য জম্মু-কাশ্মীরে জনমিতিসংক্রান্ত পরিবর্তন আনতেই এই কাজ করে বিজেপি। মোদি নিজে বলেছিলেন, এর মধ্য দিয়ে ভারতে নতুন যুগের সূচনা হয়েছে। কারণ তাঁর মতে, জম্মু-কাশ্মীরের অধিকতর স্বায়ত্তশাসন ভারতবিরোধী সহিংসতা সৃষ্টির প্রধান কারণ।

এই অঞ্চলে যাতে জনমিতি-সংশ্লিষ্ট পরিবর্তন না হতে পারে, সেই জন্যই কাশ্মীরের অনাবাসিক ভারতীয়রা সেখানে স্থাবর সম্পত্তি কিনতে পারতেন না। তবে নতুন আইনে জম্মু-কাশ্মীরের সব বিশেষ সুযোগ-সুবিধা রদ করে দেয় মোদি সরকার। একই সঙ্গে জম্মু-কাশ্মীরকে দুই ভাগে বিভক্ত করে এর রাজ্যের মর্যাদাও কেড়ে নেওয়া হয়েছে। এই অঞ্চল এখন সরাসরি কেন্দ্রশাসিত এলাকায় পরিণত হয়েছে।

আল জাজিরার এক বিশ্লেষণে বলা হয়েছে, বিশেষ মর্যাদা রদের পরের ছয় মাস জম্মু-কাশ্মীর ছিল কঠোর নিরাপত্তামূলক লকডাউনের আওতায়। ইন্টারনেট সুবিধা ছিল না বললেই চলে। ল্যান্ডফোন ও মোবাইল ফোনসহ সব ধরনের যোগাযোগ ব্যবস্থা বন্ধ করে দেওয়া হয়েছিল। হাজারো রাজনৈতিক ও মানবাধিকার কর্মীকে গ্রেপ্তার ও আটক করা হয়।

বিশেষ সুবিধা রদের এক বছর পূর্তির দিনে কাশ্মীরের পরিস্থিতি নিয়ে দা ইন্ডিয়ান এক্সপ্রেস একটি ছবির গল্প প্রকাশ করেছে। তাতে দেখা গেছে, কাঁটাতারের বেড়ায় ঘেরা এক কাশ্মীরকে। রাস্তায় রাস্তায় ছিল কড়া নিরাপত্তা, ছিল ড্রোন থেকে শুরু করে সব ধরনের সতর্কতামূলক ব্যবস্থা। শ্রীনগরের রাস্তায় চোখে পড়েছে সেনাযানও।

